

## কোটা আন্দোলন: সারা বাংলাদেশে নিহতের সংখ্যা বেড়ে ১৯

সারে-জমিন



### লেদার কমপ্লেক্সে ১০০০০ কোটি টাকার লগ্নি আসছে

রূপসী বাংলা



### হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে কি যুদ্ধ বেধে যেতে পারে

সম্পাদকীয়



### বিদ্যুৎ বিভ্রাটের প্রতিবাদ করায় পুলিশের গুলি!

সাধারণ



## টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন করে বড় ক্ষতি আইসিসির!

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শুক্রবার
১৯ জুলাই, ২০২৪
৫ শ্রাবণ ১৪৩১
১২ মুহাররম, ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 194 ■ Daily APONZONE ■ 19 July 2024 ■ Friday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php


### কাঞ্চনজঙ্ঘার স্মৃতি উসকে দিল ডিব্রুগড় এক্সপ্রেস

# ফের বেলাইন রেল, মৃত ৪

**আপনজন ডেস্ক:** জলপাইগুড়ির কাছে কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসে মালবাহী ট্রেনের ধাক্কায় ১০ জন যাত্রীর মৃত্যুর প্রায় এক মাস পর, সেখান থেকে প্রায় ১৫০ কিলোমিটার দূরে উত্তরপ্রদেশের গোন্ডা জেলার মানকাপুর রেলওয়ে স্টেশনের কাছে ডিব্রুগড়গামী ১৫৯০৪ চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেস ট্রেনটি লাইনচ্যুত হলে চারজন যাত্রী নিহত এবং প্রায় ২৮ জন আহত হলেন বৃহস্পতিবার। উত্তরপ্রদেশের উপমুখ্যমন্ত্রী ব্রিজেশ পাঠক, যিনি স্বাস্থ্য দফতরের দায়িত্বও সামলাচ্ছেন তিনি নিজেই জানিয়েছেন এই ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে।

সূত্রের খবর, বিকেল তিনটে নাগাদ গোন্ডা-গোরখপুর সেকশনের ঝিলাহি রেল স্টেশনের কাছে কয়েকটি এসি কোচ-সহ ১২ টি কামরা লাইনচ্যুত হয়। আহতদের মানকাপুরের একটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। আহতদের সেবায় নিয়োজিত এক চিকিৎসক জানান, আহত ২৮ জনকে হাসপাতালে আনা হয়েছে। আহতদের মধ্যে ছয়জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে এবং তাদের উচ্চতর চিকিৎসা কেন্দ্রে পাঠানো হয়েছে। আহত যাত্রীদের বেশিরভাগই এসি কোচে ভ্রমণ করছিলেন বলে জানা গেছে।

রেলওয়ে সূত্রে খবর, অ্যাম্বুলেন্স-সহ ঘটনাস্থলে পাঠানো হয়েছে একটি রিলিফ ট্রেন। রেল ও পুলিশ আধিকারিকরা ঘটনাস্থলে পৌঁছেছেন এবং স্থানীয় গ্রামবাসীদের সহায়তায় ত্রাণ



তৎপরতা শুরু করেছেন, যারা ঘটনার পরে প্রচুর সংখ্যায় সেখানে জড়ো হয়েছিল। এনডিআরএফের একটি দলও ঘটনাস্থলে পৌঁছে ত্রাণ তৎপরতা চালায়, সূত্রের খবর, লাইনচ্যুত কোচে আটকে পড়া যাত্রীদের বের করে আনতে গ্যাস কাটার ব্যবহার করা হয়েছিল। উত্তর-পূর্ব রেলের সিপিআরও পঙ্কজ কুমার জানিয়েছেন, বগিগুলি লাইনচ্যুত হওয়ার আগে ইঞ্জিনো পাইলটরা বিকট শব্দ শুনতে পেয়েছিলেন। এই ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। রেলের তরফে হেল্পলাইন নম্বরও দেওয়া হয়েছে। বুধবার ট্রেনটি চণ্ডীগড় থেকে ২৩.৪০ টায় ছেড়েছিল। দুর্ঘটনার পর লাইনচ্যুত কোচগুলি থেকে বেরিয়ে আসার জন্য হুড়োহুড়ি করতেও দেখা যায়। যাত্রীরা তাদের লাগেজ নিয়ে রেললাইন ধরে হাঁটতে শুরু করেন। এক প্রত্যক্ষদর্শী জানিয়েছেন, লাইনচ্যুত বগির ভিতরে বেশ কয়েকজন যাত্রী আটকা পড়েছিলেন। লাইনচ্যুত হয়ে অন্তত চারটি বগি উল্টে যায়। এক যাত্রী জানান, লাইনচ্যুত হওয়ার কয়েক সেকেন্ড আগে ট্রেনগুলো কাঁপতে শুরু করে। গোন্ডার পুলিশ সুপার বিনীত জয়সওয়াল জানিয়েছেন, ১০-১২ টি বগি লাইনচ্যুত হয়েছে। আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। আমরা লাইনচ্যুত কোচগুলো পরীক্ষা করে দেখেছি। সেখানে কেউ আটকা পড়েনি। উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ আহতদের সম্ভাব্য সমস্ত চিকিৎসা সহায়তা দেওয়ার এবং অবিলম্বে ত্রাণ কার্যক্রম শুরু করার নির্দেশ দিয়েছেন। রেলের তরফে মৃতদের পরিবারপিছু ১০ লক্ষ টাকা এবং গুরুতর আহতদের আড়াই লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং ঘটনাস্থল পরিদর্শন করে জানিয়েছেন, যাত্রীদের সবরকম সাহায্য করা হচ্ছে। তিনি বলেন, ‘আমরা আটকে পড়া যাত্রীদের আরও পরিবহনের ব্যবস্থা করছি। যাত্রীদের গন্তব্যে পৌঁছে দেওয়ার জন্য অযোধ্যা থেকে বিশেষ ট্রেন পাঠানো হচ্ছে।

রেল আধিকারিকরা জানিয়েছেন যে আশেপাশের জায়গাগুলিতে যাওয়া যাত্রীদের বাসে করে সেখানে নিয়ে যাওয়া হচ্ছিল। সূত্রের খবর, এই ঘটনার জেরে ওই অংশে ট্রেন চলাচল বন্ধ হয়ে গিয়েছে এবং রেললাইন সরানোর চেষ্টা চলছে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে অন্তত দশটি দূরপাল্লার ট্রেনকে ঘুরিয়ে দেওয়া হয়। কংগ্রেস গোন্ডায় ট্রেন দুর্ঘটনার সমালোচনা করেছে এবং একে মোদী সরকারের গাফিলতি বলে অভিহিত করেছে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খড়গে এই ঘটনায় দুঃখপ্রকাশের সঙ্গে সঙ্গে মোদি সরকারের সমালোচনাও করেন। ইউপিতে চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেসের লাইনচ্যুত হওয়া একটি উদাহরণ যে মোদি সরকার কীভাবে নিয়মতান্ত্রিকভাবে রেল নিরাপত্তার সাথে আপস করেছে। ট্রেন দুর্ঘটনায় কেন্দ্রকে দায়ী করেছেন তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র ও সুস্মিতা দেবও। উল্লেখ্য, গত এক বছরে তিনটি বড় রেল দুর্ঘটনা ঘটেছে যাতে প্রায় ৩৫০ জন প্রাণ হারিয়েছে। ২ জুন, ২০২৩এ ওড়িশার বালাসোরে সুপার ফাস্ট এক্সপ্রেসকে ধাক্কা মারলে প্রায় ৩০০ জন নিহত হয়। ২৯ অক্টোবর, ২০২৩ অন্ধ্রপ্রদেশে দুটি ট্রেনের মুখোমুখি সংঘর্ষে ১১ জন প্রাণ হারান। আর গত ১৭ জুন কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের সঙ্গে মালগাড়ির ধাক্কায় কমপক্ষে ১০জনের মৃত্যু হয়।

**প্রথম নজর**

## কেন্দ্রের হুঁশ ফিরবে কবে, দুর্ঘটনা নিয়ে প্রশ্ন মমতার



**আপনজন ডেস্ক:** পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বৃহস্পতিবার উত্তর প্রদেশে ট্রেন লাইনচ্যুত হওয়ার ঘটনায় মর্মাহত হয়েছেন এবং যাত্রীদের সুরক্ষার বিষয়টি সমাধানে কেন্দ্রীয় সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছেন। উত্তরপ্রদেশের গোন্ডার কাছে চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেসের আটটি বগি লাইনচ্যুত হয়ে মৃত্যু হল দু’জনের। দুর্ঘটনায় মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়।

এক্স-এ একটি পোস্টে তিনি লিখেছেন, আজ উত্তরপ্রদেশের গোন্ডায় আরও একটি মর্মান্তিক রেল দুর্ঘটনার কথা জেনে দুঃখ পেয়েছি! ফের ট্রেন লাইনচ্যুত, এবার চণ্ডীগড়-ডিব্রুগড় এক্সপ্রেস! কী করছে রেলওয়ে কর্তৃপক্ষ!! ভারত সরকার কী করছে!! তিনি লেখেন, যাত্রীদের সুরক্ষা ও নিরাপত্তা সবার আগে। কেন্দ্রীয় সরকারের হুঁশ ফিরবে কবে? তিনি শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান ও আহতদের জন্য প্রার্থনা করেন।

## ফিলিস্তিনের পতাকা তোলায় ধৃতদের মুক্তি চাই: দীপঙ্কর



**আপনজন ডেস্ক:** সিপিআই (এমএল) সাধারণ সম্পাদক দীপঙ্কর ভট্টাচার্য বৃহস্পতিবার ফিলিস্তিনি পতাকা উত্তোলনের জন্য বিহার এবং অন্যত্র ব্যক্তিদের বিরুদ্ধে দায়ের করা মামলা প্রত্যাহারের দাবি জানিয়েছেন। তিনি বলেন, ভারত ফিলিস্তিনকে স্বীকৃতি দেয় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অধীনে এই নীতি অব্যাহত রয়েছে। তাই তাদের বিরুদ্ধে কোনও অন্যায়ের অভিযোগ আনা যায় না। উল্লেখ্য, বুধবার মহরমের মিছিল-সহ বিহারে ফিলিস্তিনের পতাকা ওড়ানোর জন্য বেশ কয়েকজনকে হেফাজতে নেওয়া হয়েছে। প্রতিবেশী ঝাড়খণ্ডে মহরমের মিছিলে ফিলিস্তিনি পতাকা ব্যবহার হলে তা বিজেপি ও বিশ্ব হিন্দু পরিষদ ক্ষোভের মুখে পড়ে। এরপরই দুমকায় একজনকে গ্রেফতারও করা হয়। তাই দীপঙ্করবাবু বলেন, গাজার জনগণের প্রতি সংহতি দেখাতে ফিলিস্তিনের পতাকা উত্তোলন করা হচ্ছে, যেখানে ইসরায়েলের সামরিক হামলায় প্রায় দুই লাখ লোক প্রাণ হারিয়েছে। ফিলিস্তিনকে সমর্থন করতে কখনও পিছপা হয়নি ভারত। এমনকী নয়াদিল্লিতে ফিলিস্তিন দূতাবাসও রয়েছে ভারত সরকারের সমর্থনের কারণে।

## অসমে মুসলিমদের জনসংখ্যা নিয়ে হিমন্তর মন্তব্যে ফের বিতর্ক



**আপনজন ডেস্ক:** অসমের বিরোধী দলগুলির অভিযোগ, মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা রাজ্যে মুসলিম জনসংখ্যা ৪০ শতাংশে পৌঁছে গিয়েছে বলে দাবি করে ‘গুরুতর সমস্যা’ থেকে মানুষের নজর ঘোরাচ্ছেন। বুধবার রাঁচিতে হিমন্ত বিশ্ব শর্মা দাবি করেন, আসামে মুসলিম জনসংখ্যা বেড়ে ৪০ শতাংশে দাঁড়িয়েছে।

দলীয় বৈঠকের ফাঁকে বিজেপির ঝাড়খণ্ড নির্বাচনী সহ-দায়িত্বপ্রাপ্ত বিজেপি হিমন্ত বিশ্ব শর্মা বলেন, আমি আসাম থেকে এসেছি এবং জনসংখ্যার পরিবর্তন আমার জন্য একটি বড় সমস্যা। আমার রাজ্যে এখন মুসলিম জনসংখ্যা ৪০ শতাংশ, ১৯৫১ সালে যা ছিল ১২ শতাংশ। এটা আমার কাছে রাজনৈতিক ইস্যু নয়, জীবন-মরণের প্রশ্ন।

অসম কংগ্রেসের সভাপতি ভূপেন কুমার বরাহ এ প্রসঙ্গে বলেন, মুখ্যমন্ত্রী নিজের ব্যর্থতা ঢাকতেই এমন মন্তব্য করছেন। অসমে কোনও জনগণনা হয়নি উল্লেখ করে বিরোধীরা এই সংখ্যার উৎস জানতে চেয়েছেন।

বরাহ বলেন, বন্যা ও ভাঙন সমস্যা সমাধান, বেকারত্ব, চা বাগানের শ্রমিকদের দৈনিক মজুরি বা ছয়টি সম্প্রদায়কে তফসিলি উপজাতির মর্যাদা দেওয়ার ক্ষেত্রে নিজের ব্যর্থতা ঢাকতে শর্মা এখন এই ধরনের মন্তব্য করছেন।

তৃণমূল কংগ্রেসের জাতীয় মুখপাত্র সুস্মিতা দেব এক্স-এ পোস্ট করা একটি ভিডিও বার্তায় বলেছেন, ঝাড়খণ্ডে আসামের মুখ্যমন্ত্রীর বক্তব্য ভুল। তার দেওয়া তথ্য মিথ্যা। ১৯৫২ সালে আসামে মুসলিম জনসংখ্যা ছিল ১২ শতাংশ নয়, ২৫ শতাংশ। আসাম বাংলাদেশের সীমান্তবর্তী রাজ্য, দেশভাগের পর বহু মানুষ এখানে এসেছিলেন। তিনি বলেন, আমি মুখ্যমন্ত্রীকে মনে করিয়ে দিতে চাই যে ভারত সরকারের ২০২১ সালে জনগণনা পরিচালনা করার কথা থাকলেও তা তারা কোভিডের অজুহাতে করেনি। তাহলে এই ৪০ শতাংশ অঙ্ক কোথা থেকে এল? তিনি বলেন, অসমে জনবিন্যাস বদল, উত্তরপ্রদেশের দোকান মালিকদের ধর্মীয় পরিচয়, বাংলার যে সম্প্রদায় এই ধর্মান্ধদের ভোট দেয় না, তাদের উন্নয়নকে নিশানা করা, সবই মেরুকরণের লক্ষ্যে।




**প্রথম নজর**

## নবগ্রামে কংগ্রেস ছেড়ে তৃণমূলে



**আসিফ রনি ● নবগ্রাম**

**আপনজন:** একুশে জুলাইয়ের আগে আবারো বিরোধী শিবিরে ভাঙন নবগ্রামে। প্রায় ১৫০ জন কর্মী সমর্থক যোগ দিলেন তৃণমূল কংগ্রেসে। বৃহস্পতিবার সন্ধ্যায় একুশে জুলাই এর প্রস্তুতি সভায় কিরীটেশ্বরী অঞ্চল তৃণমূলের উদ্যোগে বিরোধী শিবির কংগ্রেস থেকে বিধায়ক ও ব্লক সভাপতির উপস্থিতিতে তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন কিরীটেশ্বরি অঞ্চলের কংগ্রেসের প্রার্থীরাজিবুল সেখ সহ প্রায়১৫০ জন কর্মী সমর্থক। উপস্থিত ছিলেন নবগ্রামের বিধায়ক কানাইচন্দ্র মন্ডল, নবগ্রাম ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি এনায়েতুল্লা, নবগ্রাম ব্লক তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি আসিফ ইকবাল, নবগ্রাম পঞ্চায়েত সমিতির শিক্ষা কর্মাধ্যক্ষ প্রণব চন্দ্র দাস, কিরীটেশ্বরী অঞ্চল তৃণমূল সভাপতি রমজান আলি ও নবকুমার ঘোষ, উপপ্রধান মানোয়ার হোসেন প্রমুখ।

## আমতা-য় প্রস্তুতি বৈঠকে মন্ত্রী পুলক



**সুরজীৎ আদক ● আমতা**

**আপনজন:** বৃহস্পতিবার হাওড়া গ্রামীণ জেলার উলুবেড়িয়া লোকসভার আমতা কেন্দ্র তৃণমূল যুব কংগ্রেসের ডাকে ২১শে জুলাই-এর প্রস্তুতি সভার বৈঠক অনুষ্ঠিত হল। প্রসঙ্গত,সদ্য মিটে যাওয়া লোকসভা নির্বাচনে ভাল ফল করেছে ঘাসফুল। হাওড়া জেলার দুটি লোকসভা আসনেই ঘাসফুল ফুটেছে।২১-শে জুলাইয়ের শহিদ সমাবেশকে সফল করতে আমতায় ওই সমাবেশ অনুষ্ঠিত হয়।সভা থেকে মন্ত্রীর দাবিকেবলমাত্র হাওড়া গ্রামীণ জেলার ৮টি বিধানসভা এলাকা থেকে ১ লক্ষ তৃণণূলের কর্মী সমর্থক কলকাতায় শহিদ সমাবেশে যোগ দেবেন।
এদিনের এই সভায় উপস্থিত ছিলেন উলুবেড়িয়া লোকসভার সাংসদ সাজদা আহমেদ,আমতা কেন্দ্রের বিধায়ক বিধায়ক সুকান্ত পাল,আমতা কেন্দ্রের তৃণমূল কংগ্রেসের সভাপতি সেলিমুল আলম, হাওড়া গ্রামীণ জেলার তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি দেবাশীষ বন্দ্যোপাধ্যায়,হাওড়া গ্রামীণ জেলার তৃণমূল কংগ্রেসের ছাত্র পরিষদের সভাপতি হাসিবুর রহমান সহ অন্যান্য নেতৃবৃন্দ।

# এক দিনে অস্ত্রোপচার হওয়া পাঁচ প্রসূতি সিসিইউতে, চাঞ্চল্য

**জিয়াউল হক ● চুঁচুড়া**




**আপনজন:** একই দিনে অস্ত্রোপচার হওয়া পাঁচ প্রসূতির শারীরিক অবস্থার অবনতি। রোগীদের বাড়ির লোকের অভিযোগ সুস্থ রবিকে মৃত্যুর মুখে পাঠিয়ে দিয়েছে হাসপাতাল, এদের মধ্যে দুজনকে পাঠানো হলো কলকাতায়। ঘটনায় চাঞ্চল্য চুঁচুড়ার ইমামবাড়া সদর হাসপাতালে। হাসপাতাল সূত্রে খবর গত সোমবার এই হাসপাতালের ওটিতে ওই পাঁচ জন অস্ত্রোপচারের পর সন্তান জন্ম দেন। অভিযোগ তার কয়েক ঘন্টা পর থেকেই পাঁচজনই অসুস্থতা বোধ করেন। সকলকেই হাসপাতালের ক্রিটিকাল কেয়ার ইউনিটে ভর্তি করানো হয়। পাশাপাশি পাচ শিশুকে এস এন সি ইউ তে স্থানান্তরিত করানো হয়। মঙ্গলবার রাতে দুই প্রসূতি মাকে হাসপাতালের তৎপরতায় আই সি ইউ এ্যাম্বুলেসে করে নিয়ে যাওয়া হয় কলকাতায়। তাদের পরিবারের দাবি হাসপাতাল কর্তৃপক্ষ সম্পূর্ণ নিজেদের উদ্যোগেই ওই দুই মাকে কলকাতায় পাঠায়। এর পরেই চিকিৎসায় গাফিলতি রয়েছে কিনা সেই সন্দেহ দানা বাঁধতে থাকে বাকি প্রসূতির পরিবারের। বর্তমানে তিন প্রসূতি হাসপাতালের ক্রিটিকাল কেয়ার ইউনিটে ভর্তি রয়েছেন। যাদের মধ্যে একজন কেউ বৃহস্পতিবার কলকাতায় স্থানান্তরিত করার কথা বলেন হাসপাতাল কর্তৃপক্ষ, কি থেকে এমনটা হল তা নিয়ে প্রশ্ন তুলেছেন সকলে। যদিও জেলা স্বাস্থ্য দফতর এখনও হাসাতালের গাফিলতি মানতে নারাজ। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক মৃগাঙ্কমৌলি কর বলেন, কি কারনে এমনটা হল, তা এখনই বলা যাবে না। সবদিক খতিয়ে দেখা হচ্ছে। তবে রোগীর বাড়ির লোকের মনে প্রশ্ন জাগছে কি এমন হল হাসপাতালে, যে একই দিনে একি অপারেশন থিয়েটারে সিজার হওয়ার পরে কি এমন হল যে তাদের সকলকেই পাঠাতে হল সিসিইউতে, যদিও সমস্তটাই খতিয়ে দেখার কথা বলেছেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক মৃগাঙ্কমৌলি কর।

# অবৈধ টোলের বিরুদ্ধে পথ অবরোধ নলহাটিতে



**মোহাম্মদ সানাউল্লা ● নলহাটি**

**আপনজন:** অবৈধ ভাবে নেওয়া হচ্ছে টোল। সেই অভিযোগ তুলে রাস্তা অবরোধ করলো এলাকাবাসী। বৃস্পতিবার সকালে রাস্তা অবরোধের ঘটনাটি ঘটে নলহাটি ১ নম্বর ব্লকের বুজুং মোড়ে। এলাকা স্থানীয়দের অভিযোগ দেবগ্রাম কজয়ের উপর দীর্ঘদিন ধরে কোন সংস্কার হয়নি। অথচ নতুন করে টোল বসিয়ে টাকা তোলা হচ্ছে। নলহাটি মোড়গ্রাম ১৪ নম্বর জাতীয় সড়কের নলহাটি বাজারে জাতীয় সড়কের উপর যানজট নিত্যদিনের ঘটনা। যার ফলে এলাকায় গাড়ির চাপ দিন দিন বেড়েই চলেছে। রাস্তা নষ্ট হচ্ছে। প্রাণের ঝুঁকি নিয়ে ব্রাহ্মণী নদীর দেবগ্রাম কজয়ের উপর দিয়ে নলহাটি ১ এবং দুই নম্বর ব্লক সহ পার্শ্ববর্তী মুর্শিদাবাদের বহু মানুষ রামপুরহাট হাসপাতাল সহ বিভিন্ন প্রশাসনিক কাজকর্মে এই রাস্তা দিয়ে যাতায়াত করেন। দেবগ্রাম থেকে সর্ধা মোড় পর্যন্ত রাস্তার পিচ উঠে কোথাও বড় গর্ত কোথাও আবার কালো পাথর উঠে এবড়ো খেবড়ো অবস্থায় প্রাণের ঝুঁকি নিয়ে যাতায়াত করতে হয়। অথচ রাস্তায় সংস্কার হচ্ছে না বলে অভিযোগ এলাকাবাসীর। গত সপ্তাহে হঠাৎ করে টোল বসিয়ে দেওয়া হয়েছে ।অথচ এলাকার মানুষ বুঝতেই পারছেন না কিসের জন্য এই টোল বসানো হয়েছে। এব্যাপারে নলহাটি ১ নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি আসাদুজ্জামান বলেন চলতি মাসের গত ১১ তারিখ নলহাটি ১ নম্বর পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে দেবগ্রাম কাজয়ের উপর টোল প্লাজার জন্য ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে। সেই ওয়ার্ক অর্ডারে বলা হয়েছে কেবল মাত্র ৬ মাসের জন্য ৪ লক্ষ ৫০ হাজার ৫০০ টাকা টেন্ডারে দর ধার্য হয়েছে। নিয়ম মেনেই টেন্ডার দেওয়া হয়েছে। স্থানীয়দের ঘন্টা দুয়েকের অবরোধের পর ঘটনাস্থলে আসেন নলহাটি থানার পুলিশ। প্রশাসনের আশ্বাসে আগামী সোমবার পর্যন্ত টোল বন্ধ রাখার নির্দেশ দেন। প্রশাসনের আশ্বাসে অবরোধ তুলে নেন অবরোধকারীরা।

# লেদার কমপ্লেক্সে ১০০০০ কোটি টাকার লগ্নি আসছে: আলাপন

**সুব্রত রায় ● কলকাতা**



**আপনজন:** রাজ্যে চর্ম শিল্পের জন্য বিরাট সুখবর। কলকাতার চর্ম শিল্প নগরী কর্ম দিগন্তে আরও ১০ হাজার কোটি টাকার নতুন বিনিয়োগ আসছে। কর্মসংস্থান হবে আরও আড়াই লক্ষ মানুষের। রাজ্যের চর্ম শিল্পের হাল হকিকত নিয়ে বৃহস্পতিবার পর্যালোচনা বৈঠক করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। চর্ম শিল্পমহলের প্রতিনিধিরা সেখানে উপস্থিত ছিলেন। সেখানেই এই বিনিয়োগ প্রস্তাব চূড়ান্ত হয়েছে বলে জানা গিয়েছে। বৈঠকের পর নবান্নে সাংবাদিক বৈঠক করেন মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায়। তিনি জানান, কর্ম দিগন্তে ১৮৭ টি নতুন ট্যানারি এবং ১৩৯ টি জুতো তৈরির ইউনিট গড়ে উঠতে চলেছে। যেখানে লগ্নির পরিমাণ হবে ১০ হাজার কোটি টাকার মতো। এই ফলে কর্মসংস্থান হবে আরও আড়াই লক্ষ মানুষের। তিনি জানান ১১৫০ একর জমির ওপর গড়ে ওঠা এশিয়ার বৃহত্তম এই চর্ম শিল্প হাবে ইতিমধ্যেই ৫০০ টি ট্যানারি ও চর্ম সামগ্রীর উৎপাদন কেন্দ্র রয়েছে। মোট বিনিয়োগের পরিমাণ ২৫ হাজার কোটি। ইতিমধ্যেই ৫ লক্ষ মানুষ প্রত্যক্ষ পরোক্ষভাবে সেখানে যুক্ত রয়েছেন। নতুন ইউনিট গুলি তৈরি হলে সেখানে কর্মসংস্থানের নতুন দিগন্ত খুলে যাবে। চর্ম শিল্পের প্রসারে কর্ম দিগন্ত চর্ম নগরীর পরিকাঠামো ঢেলে সাজানোর কাজও শুরু করেছে রাজ্য সরকার। ইতিমধ্যেই সেখানে জঞ্জাল ব্যবস্থাপনা, পানীয় জল ,রাস্তা , নিকাশি সহ বিভিন্ন পরিকাঠামো নির্মাণের জন্য ১৯০০ কোটি টাকা ব্যয় করা হয়েছে। এছাড়াও ৪৭৫ কোটি টাকা ব্যয় করে সেখানে ২৮ মেগা গ্যালন নতুন একটি পানীয় জল প্রকল্প তৈরি করা হচ্ছে। আলাপন বাবু জানান, আলিপুর জেল মিউজিয়ামের সামনে চর্ম ও কুটির শিল্প সামগ্রীর একটি শপিং মল তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হিডকো প্রস্তাবিত এই শপিংমল তৈরির দায়িত্ব পেয়েছে। সেখানে ৫০ শতাংশ জায়গাতেই থাকবে কলকাতা লেদার কমপ্লেক্সের উৎপাদকদের তৈরি বিভিন্ন পণ্য।

# কালভার্ট দ্রুত মেরামতের দাবিতে এসইউসিআই-এর অবস্থান বিক্ষোভ

**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর**




**আপনজন:** জয়নগর থেকে কুলতলি যাবার প্রধান সড়কের বুড়োরঘাট এলাকায় কালভাট ভেঙে গত এক সপ্তাহ ধরে যোগাযোগ ব্যবস্থা বিপন্ন।সমস্যায় সাধারণ মানুষ।আর এই সমস্যা মেটাতে প্রশাসনের কোনো হেলদোল না থাকায় সমস্যা বেড়ে চলেছে।আর এই কালভাট দ্রুত মেরামত ও বিকল্প রাস্তা তৈরির দাবিতে বৃহস্পতিবার দুপুরে এস ইউ সি আই এর উদ্যোগে জয়নগর থানার মোড়ে অবস্থান বিক্ষোভ ও রাস্তা অবরোধ কর্মসূচি পালন করা হয় জয়নগর ও কুলতলির দুই প্রাক্তন বিধায়ক তরুণ কান্তি নস্কর ও জয় কৃষ্ণ হালদারের উপস্থিতিতে। প্রায় এক ঘন্টা ধরে এই অবরোধ কর্মসূচিতে বিশাল যানজট তৈরি হয়।যা তুলতে জয়নগর থানার বিশাল পুলিশ বাহিনীকে হিমসিম খেতে হয়।এদিকে এই দিন দুপুরে জয়নগর মজিলপুর পৌরসভায় এই কালভাট মেরামত সংক্রান্ত একটি প্রশাসনিক বৈঠক হয়ে গেল। যাতে উপস্থিত ছিলেন জয়নগর থানার আই সি পার্থ সারথি পাল, বকুলতলা থানাট ওসি প্রদীপ রায়, জয়নগর মজিলপুর পৌরসভার চেয়ারম্যান সুকুমার হালদার, ভাইস চেয়ারম্যান রথীন কুমার মন্ডল, সহ পূর্ত দপ্তরের সহকারী ইঞ্জিনিয়ার সহ আরো অনেকে। বিকল্প রাস্তার কাজ শুরু হবে বলে এদিন জানা গেল।

# একুশে জুলাইয়ের সভা সফল করতে তৎপরতা বনগাঁ আইএনটিটিইউসি’র

**এম মেহেদী সানি ● বনগাঁ**




**আপনজন:** শহীদ স্মরণে ধর্মতলায় একুশে জুলাই তৃণমূল কংগ্রেসের মহাসমাবেশ উপলক্ষে ‘ বনগাঁ সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি’র পক্ষ থেকে বনগাঁ রাম নগর রোড মড়ে অনুষ্ঠিত হলো পথসভা। তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকে কলকাতার মহাসমাবেশে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের উপস্থিত থাকার আহ্বান জানিয়ে বৃহস্পতিবার ওই সভায় বক্তব্য রাখেন বনগাঁ সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বিশ্বজিৎ দাস, বনগাঁ সাংগঠনিক জেলা আইএনটিটিইউসি’র সভাপতি নারায়ণ ঘোষ, বনগাঁ পৌরসভার চেয়ারম্যান গোপাল শেঠ সহ অনন্যরা। তৃণমূল নেতৃত্বরা সভা থেকে একুশে জুলাইয়ের ইতিহাস এবং তাৎপর্য তুলে ধরেন, পাশাপাশি তৃণমূল নেতা কর্মী সমর্থকদের কাছে একুশে জুলাই কতোটা গুরুত্বপূর্ণ তা বিস্তারিত আলোচনা করেন। একুশে জুলাই এর প্রেক্ষিতে বক্তব্য রাখার পাশাপাশি সুর চড়ান জেলা সভাপতি বিশ্বজিৎ দাস। গত লোকসভায় বনগাঁ কেন্দ্র বিজেপির জয়ে আক্ষেপ প্রকাশ করে সাধারণ মানুষ উন্নয়ন থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা প্রকাশ করেন এবং সাংসদ শান্তনু ঠাকুরের বিরুদ্ধে গো-মাংস পাচার সহ একাধিক দূর্নীতির অভিযোগ করেন বিশ্বজিৎ দাস। পাশাপাশি বনগাঁয় তৃণমূল ক্ষমতায় না আসা পর্যন্ত রাজনৈতিকভাবে বিজেপির সঙ্গে লড়াই করে যাওয়ার বার্তা দেন বিশ্বজিৎ। সভায় বক্তব্য রাখার সময় শ্রমিক নেতা নারায়ণ ঘোষ বলেন, ধর্মতলায় তৎকালীন বাম শাসকেরা যেভাবে আক্রমণ করে তেরো জন মানুষের জীবন শেষ করেছিল সেই আবেগকে মান্যতা দিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকে আমরা বনগাঁ থেকে আইএনটিটিইউসি’র ৩৪ টি ট্রেড ইউনিয়নের হাজার হাজার শ্রমিকরা একুশে জুলাই ধর্মতলায় শহীদ স্মরণে উপস্থিত হবে ।’
এছাড়া বৃহত্তর স্বার্থে জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে একুশে জুলাই ধর্মতলায় যাওয়ার আহ্বান জানান তৃণমূল নেতা গোপাল শেঠ।

## নদিয়ায় সবজির বাজার দর নিয়ন্ত্রণে বাজারে বিডিও



**আরবাজ মোল্লা ● নদিয়া**

**আপনজন:** নদীয়া সবজি বাজার দর নিয়ন্ত্রণে পরিদর্শনে বিডিও ও পুলিশ প্রশাসন।বাজারদর নিয়ন্ত্রণে কাঁচা সবজি থেকে শুরু করে মাছ-সমস্ত জিনিসপত্রের জোগান বাড়ানোর নির্দেশ দিয়েছিলেন রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা।প্রসঙ্গত, কয়েকদিন আগে রাজ্যের মুখ্যমন্ত্রীর বৈঠকের পর,মঙ্গলবার নবান্নে রাজ্য সরকারের বিভিন্ন দফতর ও জেলাগুলি এবং পুলিশ সুপারদের নিয়ে বৈঠকে বসেছিলেন মুখ্যসচিব।এদিনের এই বৈঠকের লক্ষ্য ছিল, মুখ্যমন্ত্রী যে নির্দেশ দিয়েছেন তা সঠিকভাবে মানা হচ্ছে কি না, তার মূল্যায়ন করা। সেখানে বিভিন্ন দফতর তথা পুলিশের কাছ থেকে বর্তমানে বিভিন্ন বাজারের বাজারদর সম্পর্কে জানতে চান মুখ্যসচিব। সেক্ষেত্রে বিগত আট দিনে বাজারদরে কতটা পরিবর্তন এসেছে সে বিষয়েও খবর নেন তিনি। বৃহস্পতিবার সকাল থেকেই নদীয়া জেলার নাকাশিপড়া, কল্যাণী সহ বিভিন্ন বাজারে ফুলিয়ার একাধিক বাজারে বিডিও এবং থানার পুলিশ অধিকারিকদের যৌথ পরিদর্শনে আসেন।শান্তিপুরের বিডিও সন্দীপ ঘোষ ফুলিয়া পুলিশ ফাঁড়ির পুলিশ আধিকারিকরা এই অভিযান চালান। এ বিষয়ে শান্তিপুরের বিডিও সন্দীপ ঘোষ জানান, আজ পরিদর্শন করেন তিনি এবং বিক্রেতাদের সঙ্গে কথা বলেন। প্রত্যেকটা কাঁচামালের দাম পর্যবেক্ষণ করে আমদানি রপ্তানির কথা জিজ্ঞাসা করেন। প্রশ্ন করেন মূল্য বৃদ্ধি প্রসঙ্গে। তাদের মতামত একই সাথে ক্রেতাদের সাথেও কথা বলেন তারা। সরকারি নির্দেশ অনুযায়ী আমদানি বাড়বে এবং সুফল বাংলার স্টল বিভিন্ন বাজারে নামার সম্ভাবনা আছে।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## পাটিত স্কুলে শিক্ষক সংবর্ধনা ইমাম পরিষদের



**নিজস্ব প্রতিবেদক ● বাঁকুড়া**

**আপনজন:** বৃহস্পতিবার বাঁকুড়া জেলা ইমাম পরিষদের পক্ষ থেকে এদিন পাটিত উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক তথা এলাকার বিশিষ্ট সমাজসেবক অশোক মন্ডলকে সম্বর্ধনা প্রদান করা হয়। অশোক বাবু , শিক্ষকতার পাশাপাশি জনপ্রতিনিধি হিসেবে পাত্রাসায়ের পঞ্চায়েত সমিতির সভাপতির দায়িত্বও সামলেছেন । এদিন পরিষদের পক্ষ থেকে অশোক বাবুর হাতে পুষ্পস্তবক, উত্তরীয় ধুতি ও লাটি তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন ইমাম পরিষদের জেলা সম্পাদক মাওলানা শরিফুল ইসলাম, মাওলানা মহ: ইউনাস, হাফিজ রিজাউল, হাফিজ নাসিম, আলাউদ্দীন,আজফাফার হোসেন প্রমুখ।

## বনমহোৎসব সাগরদিঘিতে



**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** বনমহোৎসব সপ্তাহ উপলক্ষে বৃক্ষরোপণ এবং চারাগাছ বিতরণ কর্মসূচি করা হল সাগরদিঘী উইনার ওয়েলফেয়ার ট্রাস্টের পক্ষ থেকে। বৃহস্পতিবার সাগরদিঘী এসএন হাই স্কুল মাঠে কয়েকশো স্কুল পড়ুয়ার হাতে চারা গাছ তুলে দেওয়া হয় ওই স্বেচ্ছাসেবী সংস্থার পক্ষ থেকে। পাশাপাশি কয়েকটি চারাগাছ স্কুল মাঠের ধারে লাগানো হয়।

# বহরমপুর ফিরতেই সংবর্ধিত ইউসুফ পাঠান




**হাসান সেখ ● বহরমপুর**

**আপনজন:** বহরমপুর জেলা তৃণমূল কার্যালয়ে নবনির্বাচিত তিন সাংসদ ইউসুফ পাঠান, আবু তাহের খান, খলিলুর রহমানকে সংবর্ধনা প্রদান ও একুশে জুলাই ধর্মতলা চলো প্রস্তুতি।তিন সংসদ তাদের নিজ বক্তব্য বলেন এই জয় কর্মীদের জয়। আমি তাদের উৎসর্গ করলাম।
এই প্রথম বার তিন সংসদ একই দল থেকে পার্লামেন্টে মুর্শিদাবাদ জেলা বাসীর উন্নয়নমূলক কাজ, মুর্শিদাবাদ কথা পার্লামেন্টে তুলে ধরবো , আমরা তিন সংসদ প্রতিজ্ঞা করছি । বহরমপুরের সংসদ পাঠান ইউসুফ খান বললেন, কেউ যদি আমার দিকে দশ ১০ পা হেঁটে আসে ,আমি তার জন্য১০০ পা হেঁটে যাবো , স্পোর্টস একাডেমি জমি সংগ্রহ কাজ শুরু করে দেওয়া হয়েছে, খুব তাড়াতাড়ি কাজ সম্পন্ন হবে।
উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অপূর্ব সরকার চেয়ারম্যান রবিউল আলম চৌধুরী, জেলার বিধায়ক মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাধিপতি রুবিয়া সুলতানা সমস্ত জেলা পরিষদে মেম্বার, বহরমপুর ব্লক , পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েতের জয়ী সদস্য ও তৃণমূল কংগ্রেসের সমর্থক উপস্থিতি ছিল চোখে পড়ার মতো ।বহরমপুর পৌরসভার চেয়ারম্যান নাড়ুগোপাল মুখার্জি।
মুর্শিদাবাদ জেলার তৃণমূল কংগ্রেসের শাখা সংগঠনের সদস্য সকল মিলে তিন সংসদকে সম্বর্ধনা জ্ঞাপন করেন। তৃণমূল কংগ্রেসের প্রবীণ নেতা অশোক দাস তিন সংসদ কে একটি করে বই উপহার তুলে দেন।

# বনমহোৎসব মহাসমারোহে উদযাপন উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের


**মনিরুজ্জামান ● বারাসত**




**আপনজন:** বনমহোৎসব মহাসমারোহে উদযাপন করল উত্তর ২৪ পরগনা জেলা প্রশাসন ও জেলা পরিষদের বন ও ভূমি স্থায়ী সমিতি। বৃহস্পতিবার বারাসাত শহর লাগোয়া সত্যভারতী বিদ্যালয় প্রাঙ্গণে সাংস্কৃতিক অনুষ্ঠান, বৃক্ষরোপণ কর্মসূচি,গাছ বিতরণ ও ট্যাবলো সহ বর্ণাঢ্য শোভাযাত্রা এক অসাধারণ মনোজ্ঞ পরিবেশ তৈরি করে যা নজরকাড়ে পথচলতি মানুষের।
এই অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠানের তাৎপর্য তুলে ধরেন জেলা পরিষদের সভাধিপতি নারায়ণ গোস্বামী। তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন এই দপ্তরের আধিকারিক ও কর্মাধ্যক্ষ একেএম ফারহাদকে। বিধানসভায় সরকার পক্ষের মুখ্য সচেতক নির্মল ঘোষ বলেন, বনমহোৎসবের মধ্যে দিয়ে গাছের প্রতি নিবিড় সম্পর্ক তৈরি হয়।তাই পরিবেশ বাঁচাতে এগিয়ে আসতে হবে সবাইকে। এই কর্মসূচিতে উপস্থিত থেকে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলাশাসক ডঃ আরাক্ষা ভাস্কর,জেলা পরিষদের সহ-সভাধিপতি বীণা মন্ডল,উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সচিব ডঃ প্রিয়দর্শিনী মল্লিক প্রমুখ।
উপস্থিত ছিলেন মধ্যমগ্রাম পুরসভার চেয়ারম্যান নিমাই ঘোষ,মুখ্য বনাধিকারিক অভিজিৎ কর, অতিরিক্ত বনাধিকারিক আকিব আলম,বিদ্যালয়ের প্রধান শিক্ষক গৌর সুন্দর গোস্বামী সহ বিভিন্ন ধর্মীয় গুরু, বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ছাত্রছাত্রী সহ বিশিষ্টজনেরা।
অনুষ্ঠানটি উপস্থাপনা করে জেলা পরিষদের বন ও ভূমি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ একেএম ফারহাদ বলেন, প্রতি বছরের মতো এবারও অত্যন্ত সফলভাবে সম্পন্ন হল এই বনমহোৎসবের অনুষ্ঠান। মুখ্যমন্ত্রীর ভাবনাকে পাথেয় করে সুন্দরবনের বাদাবন অঞ্চলে জীব বৈচিত্র্য রক্ষা করতে অভিনব পদ্ধতিতে কাজ করে যাওয়া হচ্ছে।

# বোলপুরের ৯ নম্বর ওয়ার্ডে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চরম বেহাল অবস্থা

**আমীরুল ইসলাম ● বোলপুর**



**আপনজন:** বোলপুর শহরে ৯ নম্বর ওয়ার্ডে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র বেহাল অবস্থা পরে আছে। অবস্থা এতটাই খারাপ যে সাধারন মানুষ যারা ডাক্তার দেখাতে আসছেন তাদেরকে প্রচন্ড অসুবিধা ভোগ করতে হচ্ছে। কারণ দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থেকে টিকিট করাতে হচ্ছে বহীবিভাগে ডাক্তার দেখানোর জন্য। বাইরে প্রচন্ড দাবদহ তার ওপর ভিতরে একসঙ্গে প্রচুর মানুষ লাইন দিয়ে দাঁড়িয়ে আছেন এক অস্বস্তিকর পরিবেশের মধ্যে বহি বিভাগের টিকিট নেওয়ার জন্য এবং টিকিটরুমে পাশেই বেড়ে শুয়ে আছে বিভিন্ন ধরনের রোগী তাদের পাশে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থেকে বহি বিভাগে দেখানোর জন্য টিকিট নিতে হচ্ছে তার ফলে একদিকে যেমন অসুস্থ রোগী ভর্তি আছেন তাদের অসুবিধা হচ্ছে অপরদিকে যারা ডাক্তার দেখাতে আসছেন তাদেরকেও এই প্রচন্ড গরমে অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। এমনকি যে রুমে টিকিট দেওয়া হচ্ছে সেই রুমের অবস্থা প্রচন্ড খারাপ। ভিতর থেকে রুমের উপর দিকে তাকালে দেখা যাচ্ছে কিছু কিছু অংশ ছাদের ছেড়ে পড়েছে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে এই আশঙ্কায় দিন কাটাচ্ছেন ভর্তি থাকা রোগীরা। এছাড়া দেখা গেল এই প্রচন্ড গরমের মাঝে ফ্যান বন্ধ হয়ে পড়ে আছে অভিযোগ করা সত্ত্বেও মেরামতির কোন ব্যবস্থা হয়নি বলে অভিযোগ করেছেন ভর্তি থাকা রোগীর পরিবার জন। সাধারণ মানুষ চাইছেন এই স্বাস্থ্য কেন্দ্রে বহু মানুষ ছুটে আসেন ডাক্তার দেখাতে তাই যাহাতে ভালো পরিষেবা পাওয়া যায় এটাই তাদের বক্তব্য। বোলপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে দীর্ঘদিন এই বেহাল অবস্থা কারো কোন ভুরুক্ষেপ নেই। স্বাস্থ্য আধিকারিক জানান পাশে নতুন বিল্ডিং হয়েছে কিছু সমস্যা থাকার জন্য নতুন বিল্ডিং এ বহি বিভাগ চালু করা যাচ্ছে না।

## খুঁটিপুজো ঘিরে শান্তির বার্তা



**রূপম চট্টোপাধ্যায় ● কলকাতা**

**আপনজন:** রবিবার থেকেই কলকাতার বিভিন্ন জায়গায় খুঁটি পুজোর আয়োজন শুরু হয়েছে। রবিবার দক্ষিন কলকাতার ভবানীপুরের ঐক্যতান আয়োজিত খুঁটি পুজোর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ সুব্রত বক্সি, বিধায়ক দেবাশীষ কুমার, সংস্থার কর্ণধার সন্দীপ বক্সি সহ অন্য বিশিষ্ট জনেরা। তারা শান্তির আবহে বাংলার সম্প্রীতি রক্ষার আর্জি জানান। প্রিয়নাথ মল্লিক রোডের ঐক্যতানের এই পুজো এবার ৫৯ বছরে পদার্পণ করল । এবার পুজোর সামগ্রিক পরিকল্পনা ও রূপায়নে থাকছেন শিল্পী গোবিন্দ গিরী। তবে গ্রাম বাংলায় এই পুজো এখনও উৎসবের প্রতীক । সর্বধর্ম সমন্বয়ের প্রবাহে উজ্জ্বল।

## প্রথম নজর

# করোনায় আক্রান্ত বাইডেন




**আপনজন ডেস্ক:** করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। গতকাল বুধবার নাভাদা অঙ্গরাজ্যের লাস ভেগাসে নির্বাচনী প্রচারে গিয়ে তাঁর শরীরে করোনা শনাক্ত হয়।
হোয়াইট হাউসের পক্ষ থেকে জানানো হয়েছে, বাইডেন করোনার মৃদু উপসর্গে ভুগছেন।
করোনা শনাক্ত হওয়ার পর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের ব্যবহৃত উড়োজাহাজ এয়ারফোর্স ওয়ানে করে ডেলাওয়ার অঙ্গরাজ্যের উদ্দেশে রওনা দেন বাইডেন। সেখানে নিজ বাড়িতে সঙ্গনিরোধে থাকবেন তিনি। উড়োজাহাজে ওঠার আগে গাড়ি থেকে তিনি সাংবাদিকদের বলেন, 'আমি ভালো বোধ করছি।'
বাইডেনের করোনা আক্রান্ত হওয়ার বিষয়টি নিশ্চিত করে হোয়াইট হাউসের প্রেস সচিব কারিন জ্যঁ-পিয়েরে বলেন, বুধবার লাস ভেগাসে অনুষ্ঠানে যোগ দেওয়ার আগে প্রেসিডেন্ট বাইডেনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। তাঁকে টিকা দেওয়া হয়েছে। তিনি করোনার মৃদু উপসর্গে ভুগছেন। ডেলাওয়ারে নিজের বাসা থেকে তিনি সব দায়িত্ব পালন করবেন।
এমন সময় বাইডেন করোনা আক্রান্ত হলেন, যখন আগামী নভেম্বরে অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচন থেকে সরে দাঁড়াতে নিজ দল ডেমোক্রেটিক পার্টির মধ্যেই তাঁর ওপর চাপ বাড়ছে। ৮১ বছর বয়সে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে নির্বাচনে লড়তে তিনি কতটা সক্ষম, তা নিয়ে তোলা হচ্ছে প্রশ্ন। গত মাসে ট্রাম্পের সঙ্গে বিতর্কে বিপর্যয়ের পর সে প্রশ্ন আরও জোরদার হয়েছে।

# স্বামীকে খুল্লা তালাক দিলেন দুবাইয়ের রাজকন্যা



**আপনজন ডেস্ক:** দুবাইয়ের রাজকন্যা শেখা মাহরা বিনতে মোহাম্মদ বিন রশিদ আল মাকতোম তার স্বামী শেখ মানা বিন মোহাম্মদ বিন রশিদ বিন মানা আল মাকতোমকে তালাক দিয়েছেন। তিনি সামাজিক যোগাযোগ মাধ্যম ইনস্টাগ্রামে বিবাহবিচ্ছেদের এই ঘোষণা দিয়েছেন।
গত বছরের মে মাসেই মানার সঙ্গে মাহরার বিয়ে হয়েছিল। তাদের একটি কন্যাসন্তান আছে, যার বয়স এখনো দুই মাস পূর্ণ হয়নি।
মঙ্গলবার ইনস্টাগ্রামে তালাকের ঘোষণা দেন মাহরা। তিনি লিখেছেন, 'প্রিয় স্বামী, আপনি যেহেতু অন্য সঙ্গীদের নিয়ে আছেন, সেহেতু আমি আমাদের বিচ্ছেদ ঘোষণা করলাম। আমি আপনাকে তালাক দিলাম, তালাক দিলাম, তালাক দিলাম। নিজের যত্ন নেবেন।
আপনার সাবেক স্ত্রী।'
শেখা মাহরা দুবাইয়ের আমির এবং সংযুক্ত আরব আমিরাতের ভাইস প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন রশিদ আল মাকতোমের মেয়ে। পেশাগত জীবনে তিনি গৃহসজ্জাবিষয়ক নকশাবিদ এবং নারী ক্ষমতায়ন বিষয়ক আন্দোলনের অগ্রসর কর্মী।
এদিকে দুবাইয়ের রাজকুমারীর বিবাহবিচ্ছেদের খবর সোশ্যাল মিডিয়ায় আলোচনার কেন্দ্রে উঠে এসেছে।
অনেকেই বলছেন, এই দম্পতি একে অপরকে ইনস্টাগ্রামে আনফলো করেছেন এবং তাদের প্রফাইল থেকে একে অপরের সব ছবি মুছে দিয়েছেন। ওই দম্পতি একে অপরকে ব্লক করেছে বলেও ধারণা করা হচ্ছে। শাইখা মাহরার অ্যাকাউন্ট হ্যাক হয়েছে কি না, তা নিয়ে শঙ্কা প্রকাশ করছেন কেউ কেউ। যদিও বিষয়টি নিশ্চিত হওয়া যায়নি।

# কোটা সংস্কার আন্দোলন: সারা বাংলাদেশে নিহতের সংখ্যা বেড়ে কমপক্ষে ১৯



**আপনজন ডেস্ক:**
আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগ-যুবলীগের সংঘর্ষ চলার মধ্যে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিহত আরও চারজনের মরদেহ এসেছে। তাঁদের মধ্যে একজন সাংবাদিক রয়েছেন। নিহত সাংবাদিক হাসান মেহেদী ঢাকা টাইমসে কর্মরত বলে জানা গেছে। সন্ধ্যার পর যাত্রাবাড়ীর কাজলা এলাকা থেকে তাঁকে আনা হয়েছে বলে ঢাকা মেডিকেলের জরুরি বিভাগের চিকিৎসকেরা জানিয়েছেন। তাঁর শরীরে ছররা গুলির ক্ষত রয়েছে। নিহত অপর তিনজনের মধ্যে ওয়াসিমকে (৩০) আনা হয় যাত্রাবাড়ী মাছের আড়ত এলাকা থেকে। তাঁর মাথায় আঘাতের চিহ্ন রয়েছে। নিহত নাজমুলকেও যাত্রাবাড়ী এলাকা থেকে আনা হয়েছে। আনুমানিক ২০ থেকে ২২ বছর বয়সী নাজমুলের শরীরে কোপের আঘাত রয়েছে। এছাড়া নিহত মোহাম্মদকে আনা হয়েছে আজিমপুর এলাকা। আনুমানিক ২০ বছর বয়সী মোহাম্মদের শরীরে ছররা গুলির ক্ষত রয়েছে। ঢাকা মেডিকেলের জরুরি বিভাগে নাজমুলের স্বজনেরা উপস্থিত হয়েছেন। তাঁরা দাবি করেছেন, নাজমুল ব্যবসায়ী। ঘটনার ঘণ্টা দুয়েক আগে তিনি বাসা থেকে বের হয়েছিলেন। সংঘর্ষের মধ্যে তাঁকে হত্যা করা হয়েছে। এদিকে নরসিংদীতে পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সঙ্গে তাহমিদ তামিম (১৫) ও মো. ইমন মিয়া (২২) নামে দুজনের মৃত্যু হয়েছে। সংঘর্ষে আহত হওয়ার পর চিকিৎসাধীন অবস্থায় নরসিংদী সদর হাসপাতালে ইমন এবং জেলা হাসপাতালে তাহমিদের মৃত্যু হয়েছে। চট্টগ্রাম নগরেও সংঘর্ষে দুজন নিহত হয়েছেন। বিকেলে চট্টগ্রাম নগরের বহদ্দার হাট এলাকায় কোটা সংস্কার আন্দোলনের শিক্ষার্থীদের সঙ্গে পুলিশ ও ছাত্রলীগ-যুবলীগের সংঘর্ষের মধ্যে তাঁরা গুলিবিদ্ধ হন। তাঁদের একজন পটিয়া সরকারি কলেজের উচ্চমাধ্যমিকের ছাত্র মোহাম্মদ ইমাদ (১৮)।
আরেকজনের পরিচয় পাওয়া যায়নি। তাঁর বয়স ২২ বছর। বিকেলে এই দুজনকে গুলিবিদ্ধ অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আনা হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন বলে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) আলাউদ্দিন তালুকদার জানিয়েছেন। এই আটজনকে নিয়ে আজ দেশের বিভিন্ন জায়গায় কোটা সংস্কার আন্দোলন ঘিরে সংঘর্ষে ১৯ জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। নিহত ব্যক্তিদের মধ্যে ১৩ জন ঢাকার বিভিন্ন এলাকায় পুলিশ ও ছাত্রলীগ-যুবলীগ নেতা-কর্মীদের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষের মধ্যে প্রাণ হারিয়েছেন।
সংঘর্ষে নিহত চারজনের মরদেহ রাজধানীর উত্তরার বাংলাদেশ-কুয়েত মৈত্রী হাসপাতালে রয়েছে। হাসপাতালটির পরিচালক মিজানুর রহমান প্রথম আলোকে বলেছেন, চারজনের মধ্যে দুজন শিক্ষার্থী। অপর দুজনের সম্পর্কে বিস্তারিত কিছু জানা যায়নি।
এর আগে উত্তরায় পুলিশ ও র‍্যাবের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষে দুজন নিহত হওয়ার খবর পাওয়া যায়। তাঁদের একজনকে উত্তরা আধুনিক মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার আগেই মারা যান এবং আরেকজন উত্তরা ক্রিসেন্ট হাসপাতালে মারা যান। দুই হাসপাতালের চিকিৎসকেরা বিষয়টি নিশ্চিত করেন।
সব মিলিয়ে উত্তরায় ছয়জনের মৃত্যুর বিষয়ে নিশ্চিত হওয়া গেছে হাসপাতাল সূত্রে। এ ছাড়া ধানমণ্ডিতে সংঘর্ষে ঢাকার রেসিডেনসিয়াল মডেল কলেজের এক শিক্ষার্থী, রামপুরায় এক পথচারী, যাত্রাবাড়ীতে এক রিকশাচালক, সাভারে এক শিক্ষার্থী ও মাদারীপুরে এক শিক্ষার্থীর মৃত্যুর খবর পাওয়া গেছে।
রাজধানীর যাত্রাবাড়ী এলাকায় সকাল থেকে পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের সংঘর্ষ চলছে। সন্ধ্যার দিকে সেখান থেকে গুরুতর আহত অবস্থায় এক রিকশাচালককে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসেন এক ব্যক্তি। পরীক্ষা করে চিকিৎসকেরা তাঁকে মৃত ঘোষণা করেন। নিহত রিকশাচালকের নাম-পরিচয় জানা যায়নি। তাঁর বয়স আনুমানিক ৩০ বছর।
রাজধানীর উত্তরায় আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও র‍্যাবের সংঘর্ষ শুরু আজ বৃহস্পতিবার বেলা ১১টার পর থেকে।
ঘটনাস্থল থেকে প্রথম আলোর গাজীপুর সংবাদদাতা জানান, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হাসপাতালের সামনে আন্দোলনকারীরা বিক্ষোভ করছেন। সেখানে অনেক আহত রয়েছেন।
সহিংসতা চলছে রাজধানীর আরও বেশ কয়েকটি এলাকায়। সকালে মেরুল বাড্ডা এলাকায় আন্দোলনকারী শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ শুরু হয়। পরে তা পাশের রামপুরা ও মালিবাগ এলাকায়ও ছড়িয়ে পড়েছে।
রামপুরায় বিটিভি ভবনে হামলা চালিয়ে ভাংচুর ও অগ্নিসংযোগ করেছেন বিক্ষুব্ধরা। সংঘর্ষ চলছে শনির আখড়া এলাকায়।
এদিকে সকাল থেকে রাজধানীর ধানমন্ডি ২৭ নম্বর এলাকায় আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে পুলিশ ও আওয়ামী লীগ নেতা-কর্মীদের দফায় দফায় সংঘর্ষ চলছে। দুপুরে সংঘর্ষে আহত ঢাকার রেসিডেনসিয়াল মডেল কলেজের একাদশ শ্রেণির এক ছাত্র নিহত হয়েছেন।

# মধ্যপ্রাচ্য, ইউক্রেন সংঘাতে যুক্তরাষ্ট্র সরাসরি জড়িত: ল্যাভরভ



**আপনজন ডেস্ক:** ইসরাইলের কর্মকাণ্ডের কূটনৈতিক আড়াল ওয়াশিংটনকে ইউক্রেনের পাশাপাশি সরাসরি মধ্যপ্রাচ্যের সংঘাতের সঙ্গেও জড়িত করেছে, জাতিসংঘের নিরাপত্তা পরিষদের চেয়ারম্যান, রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভ ফিলিস্তিন ইস্যু সহ মধ্যপ্রাচ্য নিয়ে এক বৈঠকে বলেছেন।
'ইসরাইলের কর্মকাণ্ডের জন্য একটি কূটনৈতিক আড়াল করার প্রস্তাব দিয়ে এবং অস্ত্র ও গোলাবারুদ পাঠানোর মাধ্যমে, ওয়াশিংটন - সবাই এটি বোঝে - সরাসরি সংঘাতে জড়িত হয়ে উঠেছে, ঠিক যেমনটি তারা ইউক্রেনের পরিস্থিতির বিষয়ে করে। একবার এই সমর্থন শেষ হলে, রক্তপাত বন্ধ হবে। যাইহোক, মার্কিন যুক্তরাষ্ট্র হয় তা করতে অনিচ্ছুক বা অক্ষম। দৃশ্যত, তাদের লক্ষ্য মানুষের জীবন বাঁচানো নয়, বরং তাদের নির্বাচনী প্রচারে আরও পয়েন্ট যোগ করা,' ল্যাভরভ বলেছিলেন।
ল্যাভরভ জোর দিয়ে বলেছিলেন যে, 'মধ্যপ্রাচ্যে সহিংসতার বর্তমান নজিরবিহীন বিস্ফোরণ মূলত এই অঞ্চলে সুপরিচিত মার্কিন নীতির ফলাফল।' 'এটি সেই কূটনীতির পরিণতি যা 'কার্যকারিতা' আমেরিকান প্রতিনিধিরা প্রায় দশ মাস ধরে আমাদের বলে আসছে, দাবি করে যে আমরা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের প্ল্যাটফর্মে কাজ কমিয়ে দিই।'
'আমার মার্কিন সমকক্ষ, অ্যান্টনি ব্লিঙ্কেনও এমন একটি আহ্বান নিয়ে এসেছেন। সময়ের পর পর, (মার্কিন যুক্তরাষ্ট্র) ভেটোর অধিকার অবলম্বন করে, একটি অবিলম্বে, দীর্ঘস্থায়ী এবং ব্যাপক যুদ্ধবিরতির আহ্বানকে অবরুদ্ধ করে,' রাশিয়ান পররাষ্ট্রমন্ত্রী উপসংহারে বলেছিলেন।

# মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদ হাসপাতালে

**আপনজন ডেস্ক:** মালয়েশিয়ার প্রায় শত বছর বয়সী সাবেক প্রধানমন্ত্রী মাহাথির মোহাম্মদকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। 'অনবরত কাশতে থাকায়' তাঁকে হাসপাতালে নেওয়া হয়েছে।
সুফি ইউসুফ বলেন, গত সোমবার মাহাথিরকে হাসপাতালে ভর্তি করা হয়। আগামী কয়েক দিন তাঁকে চিকিৎসা নিতে হবে বলে ধারণা করা হচ্ছে। মালয়েশিয়ার দুবারের সাবেক প্রধানমন্ত্রী মাহাথিরের বয়স গত সপ্তাহে ৯৯ বছর পূর্ণ হয়েছে।
সাম্প্রতিক বছরগুলোয় মাহাথির হৃদ্‌যন্ত্রের বিভিন্ন জটিলতায় ভুগছেন। তাঁর বাইপাস সার্জারি



হয়েছে। চলতি বছরের শুরুতে মাহাথির প্রায় তিন মাস হাসপাতালে ছিলেন। মাহাথির মোহাম্মদের জন্ম ১৯২৫ সালের ১০ জুলাই। তিনি ১৯৮১ সালে প্রথমবারের মতো মালয়েশিয়ার প্রধানমন্ত্রী হন। ২০০৩ সাল পর্যন্ত প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন তিনি।

## ছড়িয়ে-ছিটিয়ে

# 'যুদ্ধ শুরু হলে নিশ্চিতভাবে লেবানন হবে ইসরাইলের জন্য দোযখ'



**আপনজন ডেস্ক:** ইরানের ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী আলী বাকেরি কানি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, ইসরাইল যদি গাজা থেকে লেবাননে বিরুদ্ধে যুদ্ধের বিস্তার ঘটানোর চেষ্টা করে তাহলে নিশ্চিতভাবে আরব এই দেশটি দখলদার সেনাদের জন্য দোযখে পরিণত হবে যেখান থেকে তারা ফেরার পথ পাবে না। গতকাল (মঙ্গলবার) সন্ধ্যায় নিউইয়র্কে জাতিসঙ্ঘ সদর দফতরে রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ল্যাভরভের সাথে বৈঠকের পর সাংবাদিকদের কাছে একথা বলেন ইরানের ভারপ্রাপ্ত পররাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, ইসরাইল গাজা উপত্যকায় যে পরাজয়ের মুখে পড়েছে লেবাননে বা অন্য কোথাও যুদ্ধের বিস্তার ঘটিয়ে সেই ক্ষতি পূরণ করতে পারবে না বরং তারা অনেক বেশি ঝুঁকির মধ্যে পড়বে।
আলী বাকেরি জানান, তিনি রুশ পররাষ্ট্রমন্ত্রীর সাথে আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেছেন। এছাড়া, ইহুদিবাদী ইসরাইল গাজা উপত্যকায় গত কয়েক মাস ধরে যে অপরাধযজ্ঞ চালাচ্ছে তা জরুরিভিত্তিতে অবসানের বিষয়টি নিয়েও রুশ পররাষ্ট্রমন্ত্রীর সাথে আলোচনা হয়েছে। লেবাননের ইসলামী প্রতিরোধ আন্দোলন হিজবুল্লাহ এবং ইসরাইলের মধ্যকার চলমান উত্তেজনা প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে ইরানি পররাষ্ট্রমন্ত্রী বলেন, এটা প্রমাণিত অভিজ্ঞতা যে- ইসরাইল যত বেশি উত্তেজনা ছড়াবে এবং অপরাধযজ্ঞ চালাবে তত বেশি তারা মারাত্মক ঝুঁকি ও বিপদের মধ্যে পড়বে।




*বাঙলাদেশের রাজধানী যাত্রাবাড়ী এলাকায় আন্দোলনকারীদের হটাতে কাঁদানে গ্যাস ও ছররা গুলি ছুড়েছে পুলিশ। আজ বৃহস্পতিবার দুপুরের চিত্র*



# মালদা জেলায় প্রথম এল ফ্রেঞ্চ ডোর 'LG MoodUp' রেফ্রিজারেটর




**মালদা:** মালদা জেলায় ফ্রেঞ্চ ডোর LG Mood up রেফ্রিজারেটরের শুভ লঞ্চ হল। সোমবার আনুষ্ঠানিকভাবে মালদা জেলায় এই প্রথম LG Mood up নিউ ভার্সনের রেফ্রিজারেটর লঞ্চ করা হয়। সোমবার দুপুরে মালদা টাউনের ৪২০ মোড়ে ন্যাশনাল হাইওয়ের ধারে সুরেকা ইলেকট্রনিক্সে কোম্পানির আধিকারিকদের উপস্থিতিতে নতুন ভার্সনের LG MOOD UP রেফ্রিজারেটরের শুভ লঞ্চ করা হয়। ব্রাঞ্চ ম্যানেজার বিকাশ সিং ফিতে কেটে নতুন রেফ্রিজারেটর লঞ্চ করেন। উপস্থিত ছিলেন LG কোম্পানির অন্যান্য কর্মকর্তারা। এদিন LG আধিকারিকদের পুষ্পস্তবক দিয়ে,কেক কেটে নতুন রেফ্রিজারেটর লঞ্চ করা হয়। নতুন ভার্সনের এই রেফ্রিজারেটরে ১ লক্ষ ৭২ হাজার কালার চেঞ্জ করা যায়,মূহূর্তের মধ্যেই রং বেরঙের কলার চেঞ্জ হয়। wifi দিয়ে মোবাইলের মাধ্যমে কন্ট্রোল করা যায়। পাশাপাশি অডিও সিস্টেম সহ বেশকিছু আধুনিক সুযোগ সুবিধা রয়েছে। ৬১৭ লিটারের নিউ ভার্সনের রেফ্রিজারেটর এটি। এখানে বিভিন্ন তাপমাত্রায় খাদ্যসামগ্রী রাখা সম্ভব। এটি এখন থেকে মালদা জেলার ৪২০ মোড়ে ন্যাশনাল হাইওয়ের ধারে নারায়ণী হোন্ডা শোরুমের পাশে সুরেকা ইলেকট্রনিক্সে পাওয়া যাবে।


### সেহেরী ও ইফতারের সময়

**সেহেরী শেষ:** ভোর ৩.৩২ মি.
**ইফতার:** সন্ধ্যা ৬.২৮ মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.৩২ | ৫.০২ |
| যোহর | ১১.৪৭ | |
| আসর | ৪.২০ | |
| মাগরিব | ৬.২৮ | |
| এশা | ৭.৪৭ | |
| তাহাজ্জুদ | ১১.০০ | |

# প্যারিসে ক্যাফের ভেতর চলন্ত গাড়ির ধাক্কায় মৃত ১, আহত ৬



**আপনজন ডেস্ক:** ফ্রান্সের রাজধানী প্যারিসে চলন্ত গাড়ি একটি ক্যাফের সামনের বারান্দায় উঠে পড়ে এবং এ ঘটনায় একজনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। এ ছাড়া আরো ছয়জন আহত হয়েছেন। ঘটনাটি ঘটেছে স্থানীয় সময় গতকাল বুধবার সন্ধ্যায় নগরীর ২০তম প্রশাসনিক এলাকায়। আগামী ২৬ জুলাই প্যারিস অলিম্পিক শুরুর আগে ফ্রান্স এখন উচ্চ সতর্কাবস্থায় আছে।

# রাশিয়া এ বছরেই বিশেষ অভিযান শেষ করবে: চেচেন কমান্ডার



**আপনজন ডেস্ক:** সমস্ত লক্ষণ এ বছর শেষের আগেই বিশেষ সামরিক অভিযান শেষ হওয়ার দিকে নির্দেশ করে।
রাশিয়ান সশস্ত্র বাহিনীর প্রধান সামরিক-রাজনৈতিক বিভাগের ডেপুটি চিফ এবং আখমত স্পেশাল ফোর্সের কমান্ডো ইউনিটের কমান্ডার মেজর জেনারেল আপটি আলাউদিনভ এ কথা বলেন।
'ট্রাম্প, জেলেনস্কি এবং এর মতো লোকেরা, তারা আসে এবং যায়, যখন আমরা বেশিরভাগ অংশে, শুধুমাত্র ঈশ্বরের উপর নির্ভর করি। আমি এটি এভাবে রাখব: আমি বলেছিলাম যে বিশেষ সামরিক অভিযান এই বছর শেষ হবে। আমি এর থেকে বেশি আমি আবার বলব, কেউ কেউ ভাববে কেন সে এত নিশ্চিত, আমার কাছে এর সব কারণ আছে, তাই আমার নিশ্চিততা সেখান থেকে আসে,' তিনি চ্যানেল ওয়ানকে বলেন।
আলাউদিনভের মতে, কিয়েভ সরকার ইতিমধ্যে বুঝতে পেরেছে যে 'যুদ্ধ ইতিমধ্যেই হেরে গেছে'। 'আপনি এবং আমি দেখতে পাচ্ছি যে ফ্রন্টলাইনে, যে আজভ সদস্য (আজভ জাতীয়তাবাদী ব্যাটালিয়ন, একটি সন্ত্রাসী সংগঠন হিসাবে মনোনীত এবং রাশিয়ায় নিষিদ্ধ), নাৎসিরা নিরস্ত্র লোকদের হত্যা করছে, তারা এখন আত্মসমর্পণ করতে প্রস্তুত,' সামরিক কর্মকর্তা জোর দিয়ে বলেছিলেন।

# ইসরাইলিদের জন্য ভিসা সীমিত করেছে আমেরিকা




**আপনজন ডেস্ক:** ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে সহিংসতার অভিযোগে যুক্তরাষ্ট্র ইসরাইলের ২০টিরও বেশি ব্যক্তি বা সংস্থার ওপর নতুন করে নিষেধাজ্ঞা আরোপ করেছে। মার্কিন যুক্তরাষ্ট্র বুধবার অধিকৃত পশ্চিম তীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে সহিংস কর্মকাণ্ডের অভিযোগে ইসরাইলিদের বিরুদ্ধে নতুন ভিসা সীমিত করেছে।

আপনজন
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
১৯ বর্ষ, ১৯৪ সংখ্যা, ৫ শ্রাবণ ১৪৩১, ১২ মুহাররম, ১৪৪৬ হিজরি

## সহনশীলতা

সম্প্রতি রাশিয়ায় প্রেসিডেন্ট নির্বাচনে ৮৭ শতাংশের অধিক ভোট পাইয়া প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন পুনরায় প্রেসিডেন্ট পদে নির্বাচিত হইয়াছেন। বিপুল ভোট পাইয়াই তিনি যুক্তরাষ্ট্রের গণতন্ত্রকে উপহাস করিয়াছেন। তিনি বলিয়াছেন, যুক্তরাষ্ট্রের গণতন্ত্রের চাইতে রাশিয়ার গণতন্ত্র আরো বেশি স্বচ্ছ ও বৈধ। তিনি মার্কিন ভোটিং পদ্ধতি লইয়া ঠাট্টা করিয়া বলিয়াছেন, '(রাশিয়ার) এই ভোট যুক্তরাষ্ট্রের মেইল-ইন ভোটের মতো নহে, যেইখানে আপনি ১০ ডলার দিয়া একটি ভোট কিনিতে পারিবেন।' পুতিন আরো বলিয়াছেন যে, (যুক্তরাষ্ট্রে) যাহা ঘটিতেছে, তাহাতে সমগ্র বিশ্ব হাসিতেছে। ইহা কেবল একটি বিপর্যয়, গণতন্ত্র নহে। পুতিন প্রশ্ন তুলিয়াছেন–যুক্তরাষ্ট্রে একজন প্রেসিডেন্ট পদপ্রার্থীকে আক্রমণ করিবার জন্য প্রশাসন, বিচারব্যবস্থাসহ অন্যান্য বিষয়ের ব্যবহার করা কি গণতান্ত্রিক? পুতিনের এই মন্তব্য মূলত মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে রিপাবলিকান পার্টির সম্ভাব্য প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে লইয়া। সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের বিরুদ্ধে এখন চারটি ফৌজদারি মামলা রহিয়াছে। পুতিনের দিক হইতে পুতিন ভুল কিছু বলেন নাই বটে। প্রশ্ন হইল–পুতিনের মতো এত জনপ্রিয় নেতার বিরুদ্ধেও প্রায় ১৩ শতাংশ ভোট কাহারা দিল? তাহাদের এত বড় দুঃসাহস? ভোট কি একশত ভাগ পুতিনের পক্ষে পড়িলে উপযুক্ত হইত না? কিংবা একশত ভাগের অধিক! পুতিনের বিরুদ্ধে যেই প্রার্থী তিন জন ছিলেন, নিন্দুকেরা বলেন, তিন জনই নামমাত্র প্রার্থী। পুতিনের সমালোচনা করিবার কারণে অন্তত দুই জন প্রার্থীকে নিষিদ্ধ করা হইয়াছে। নির্বাচনের ব্যালটে পুতিন ছাড়া যেই তিন প্রার্থীর নাম রহিয়াছে, তাহাদের এক জন হইলেন নিকোলাই খারিতোনোভ। খারিতোনোভ নিজেও পুতিনকে তাহার প্রতিদ্বন্দ্বী মনে করেন না। দেশটির পার্লামেন্টের ডেপুটি স্পিকার ভ্লাদিস্লাভ দাভানকোভ আরেক জন প্রার্থী। ভ্লাদিস্লাভও পুতিনপন্থি একজন রাজনীতিক হিসাবে পরিচিত। এইভাবে পুতিনের বিরুদ্ধে নির্বাচনে প্রার্থী হওয়া তিন জনই মূলত পুতিনের পক্ষেই কথা বলেন। তাহাদের সকলেই পুতিন-নিয়ন্ত্রিত। পুতিনের বিরুদ্ধে গেলে কী অবস্থা হইতে পারে, তাহার সর্বশেষ দৃষ্টান্ত সম্প্রতি নিহত হওয়া বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনি। তিনি ছিলেন রাশিয়ায় পুতিনের সবচাইতে বড় সমালোচক। দীর্ঘদিন কারাবন্দি থাকিবার পর গত মাসে কারাগারে মৃত্যু হয় নাভালনির। বিশ্লেষকরা এই জন্য বলেন, পুতিনের তিন আসলে এক। গণতন্ত্র কাহাকে বলে–তাহার নূতন সংজ্ঞা নিশ্চয়ই আমরা পুতিনদের নিকট হইতে শিখিতে পারি। পুতিনের দেশের নির্বাচনের মতো বিশ্বের অনেক দেশেই কথিত গণতন্ত্র রহিয়াছে। এই ব্যাপারে একটি গল্পের অবতারণা করা যায়। বক গিয়াছে শিয়ালের বাড়িতে দ্রুত ভক্ষণের প্রতিযোগিতায়। শিয়াল বককে দিয়াছে প্লেটে করিয়া খাইতে। বকের লম্বা ঠোঁট। সমতল প্লেট হইতে খাবার তুলিতে হিমশিম খাইতে থাকিল বক, আর মুহূর্তেই সব খাবার সাবাড় করিল শিয়াল। লেভেল প্লেয়িং ফিল্ড না করিয়া এইভাবে যদি প্রতিযোগিতা হয়, তাহা হইলে শিয়ালরা চিরকালই একপেশেভাবে জিতিয়া যাইবে; কিন্তু লেভেল প্লেয়িং ফিল্ড কাহাকে বলে, তাহার বিস্ময়কর দৃষ্টান্ত অন্তত একটি দেশের গত ২৫০ বত্সর ধরিয়া চলমান রহিয়াছে। ১৭৭৬ সালের ৪ জুলাই স্বাধীনতা লাভের পর ২৫০ বত্সর ধরিয়া মার্কিন যুক্তরাষ্ট্রে সগৌরবে টিকিয়া রহিয়াছে গণতান্ত্রিক শাসনব্যবস্থা, উত্থান ঘটে নাই স্বৈরশাসকের। প্রশ্ন জাগিতে পারে, মার্কিন যুক্তরাষ্ট্রে কেন উত্থান ঘটে নাই কোনো স্বৈরশাসকের? কী রহস্য রহিয়াছে ইহার নেপথ্যে? এই প্রশ্নের উত্তর যদি হয় আমেরিকান সংবিধান, তবে তাহা শতভাগ সঠিক নহে। সেইখানে রহিয়াছে বিশেষ দুইটি অলিখিত রীতিনীতি। উহার একটি হইল–পারস্পরিক সহনশীলতা। আর দ্বিতীয় বিষয়টি হইল–প্রাতিষ্ঠানিক সহনশীলতা। সাধারণত প্রাতিষ্ঠানিক সহনশীলতা বলিতে, রাষ্ট্রীয় ক্ষমতায় আরোহণের পর ক্ষমতাসীন কর্তৃক রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ব্যবহার করিয়া প্রতিপক্ষকে দমন না করা বুঝায়। আসলে পারস্পরিক সহনশীলতা হইতে জন্মে প্রাতিষ্ঠানিক সহনশীলতা। একটি রাষ্ট্র তখনই প্রকৃত গণতান্ত্রিক হইবে, যখন সেইখানে পারস্পরিক সহনশীলতা ও প্রাতিষ্ঠানিক সহনশীলতা বিদ্যমান থাকিবে। এখন সাবেক কোনো প্রেসিডেন্ট যদি মামলার শিকার হন এবং তাহার পরে ভোটে প্রতিদ্বন্দ্বিতা করিতে পারেন–ইহার উভয় দিকই আইনের শাসনের সৌন্দর্য–যাহা যুক্তরাষ্ট্রেরই রহিয়াছে।

সুতরাং পুতিনের কথা শুনিয়া ঢাকাইয়া কুট্টিদের মতো বলিতে হয়–'আস্তে কন হুজুর, হুনলে ঘোড়ায় ভি হাসব!'

•••••••••••••

# মোদি কি তাহলে উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রিত্ব থেকে যোগীকে সরিয়ে দিতে চান, বিজেপিতে চাপান-উতোর



ভারতের দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল যে স্রেফ আন্দাজে ঢিল ছোড়েননি, বেশ বোঝা যাচ্ছে। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের ডানা ছাঁটার প্রক্রিয়া শুরু হয়ে গেছে। কীভাবে তা হবে, মুখ্যমন্ত্রী পদে তাঁকে রেখে, নাকি সরিয়ে দিয়ে–এ মুহূর্তে সেই জল্পনাতেই শাসকদলীয় রাজনীতি গমগম করছে। লিখেছেন **সৌম্য বন্দ্যোপাধ্যায়...**



দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল যে স্রেফ আন্দাজে ঢিল ছোড়েননি, বেশ বোঝা যাচ্ছে। উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের ডানা ছাঁটার প্রক্রিয়া শুরু হয়ে গেছে। কীভাবে তা হবে, মুখ্যমন্ত্রী পদে তাঁকে রেখে, নাকি সরিয়ে দিয়ে–এ মুহূর্তে সেই জল্পনাতেই শাসকদলীয় রাজনীতি গমগম করছে।

কেজরিওয়াল এই ভবিষ্যদ্বাণীই করেছিলেন নির্বাচন চলাকালে, ২১ মে। একবার নয়, দুবার নয়, বেশ কয়েকবার ভণিতা না করেই বলেছিলেন, নরেন্দ্র মোদি ফের ক্ষমতায় এলে দুই মাসের মধ্যেই যোগী আদিত্যনাথকে মুখ্যমন্ত্রীর পদ থেকে সরিয়ে দেবেন। বসাবেন এমন একজনকে, যিনি হবেন তাঁদের একান্ত অনুগত। 'ইয়েস ম্যান'। কেন তা করবেন, সেই ব্যাখ্যাও কেজরিওয়াল দিয়েছিলেন। বলেছিলেন, মোদি চান অমিত শাহকে উত্তরাধিকার করে যেতে। যোগী সেই লক্ষ্য পূরণের পথের কাঁটা।

কী আশ্চর্য, লোকসভা ভোটের ফল প্রকাশের পর দুমাসও কাটেনি, বিজেপির অভ্যন্তরীণ রাজনীতি এই সম্ভাবনা নিয়েই গমগম করছে! দুই শিবিরে ভাগ হয়ে গেছে উত্তর প্রদেশ বিজেপি। একদিকে রয়েছেন গেরুয়াধারী মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, অন্যদিকে মোদি-শাহ ঘনিষ্ঠ উপমুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য। দলীয় কোন্দল এমন সময়ে তুঙ্গে উঠেছে, যখন রাজ্যের ১০ বিধানসভা আসনের উপনির্বাচনে যৌথভাবে লড়াইয়ের জন্য প্রস্তুত হচ্ছে বিরোধী জোট 'ইন্ডিয়া'র দুই শরিক সমাজবাদী পার্টি ও কংগ্রেস। মৌর্য শিবিরের অভিযোগ, যোগীর 'অপশাসন, ঔদ্ধত্য, বুলডোজার নীতি ও অতিরিক্ত আমলানির্ভরতা' ভোট বিপর্যয়ের জন্য দায়ী। গত রোববার লক্ষ্ণৌয়ে নির্বাচনী ফল বিশ্লেষণ ও পর্যালোচনার জন্য এক বৈঠক ডাকা হয়েছিল। সেখানেই চলে মৌর্য শিবিরের সঙ্গে যোগী ঘনিষ্ঠদের বিবাদ ও পারস্পরিক দোষারোপের পালা।

**যোগীশিবিরের বিশ্লেষণ, দলীয় কর্মীদের অতিরিক্ত আত্মবিশ্বাসই ভরাডুবির কারণ। তাঁরা ভেবেছিলেন, প্রধানমন্ত্রী একাই দলকে তরিয়ে দেবেন। তাঁর ভাবমূর্তিই সব। কারও কিছু করার দরকার নেই। সেই কারণে সংগঠন ঢিলেঢালা হয়ে গিয়েছিল। তা ছাড়া, রাজ্যের মতামত অগ্রাহ্য করে কেন্দ্রীয় নেতৃত্ব বহু অযোগ্যকে প্রার্থী করেছে। ফলে যা অবধারিত তা-ই হয়েছে।**

যোগীশিবিরের বিশ্লেষণ, দলীয় কর্মীদের অতিরিক্ত আত্মবিশ্বাসই ভরাডুবির কারণ। তাঁরা ভেবেছিলেন, প্রধানমন্ত্রী একাই দলকে তরিয়ে দেবেন। তাঁর ভাবমূর্তিই সব। কারও কিছু করার দরকার নেই। সেই কারণে সংগঠন ঢিলেঢালা হয়ে গিয়েছিল। তা ছাড়া, রাজ্যের মতামত অগ্রাহ্য করে কেন্দ্রীয় নেতৃত্ব বহু অযোগ্যকে প্রার্থী করেছে। ফলে যা অবধারিত তা-ই হয়েছে।

মৌর্য শিবিরের পাল্টা অভিযোগ, রাজ্য সরকার দলীয় কর্মীদের গুরুত্বহীন করে রেখে আমলাশাহির ওপর ভরসা রেখেছিল। মানুষ ক্ষুব্ধ ছিল সরকারি ও আমলাশাহির ঔদ্ধত্যে। রাজ্য প্রশাসন ভেবেছিল, বুলডোজার নীতি সরকারকে জনপ্রিয় করে তুলবে। কিন্তু সত্য হলো, বুলডোজার চালিয়ে সব সময় সব মানুষের মন জেতা যায় না।

সেই বৈঠকেই উপমুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্য বলেছিলেন, 'সরকারের চেয়ে দল সব সময় বড়।'

গত রোববারের ওই বৈঠকের পর দ্রুত বদলে যায় রাজ্য রাজনীতির সমীকরণ। এত দিন যা ছিল অভ্যন্তরে, ওই দিন থেকেই তা প্রকাশ্যে চলে আসে। গত সোমবার দিল্লি চলে আসেন উপমুখ্যমন্ত্রী মৌর্য। দলের সভাপতি জেপি নাড্ডার সঙ্গে দেখা করে তিনি তাঁর অসন্তোষের কথা জানান।

দলীয় সূত্রের খবর, যোগীর কাজকর্মে অসন্তুষ্ট মৌর্য নাকি পদত্যাগের ইচ্ছা প্রকাশ করেছেন। এই পরিস্থিতিতে তড়িঘড়ি দিল্লিতে ডেকে পাঠানো হয় দ্বিতীয় উপমুখ্যমন্ত্রী ব্রজেশ পাঠক ও উত্তর প্রদেশের বিজেপি সভাপতি ভূপেন্দ্র চৌধুরীকে। ভূপেন্দ্র দিল্লি এসে দেখা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে। শোনা যাচ্ছে, দলের ফল আশানুরূপ না হওয়ায় দায় গ্রহণ করে তিনিও পদত্যাগের ইচ্ছা প্রকাশ করেছেন।

এই পরিস্থিতিতে গতকাল বুধবার মুখ্যমন্ত্রী আদিত্যনাথ দলের এক গুরুত্বপূর্ণ বৈঠক ডাকেন। সেখানে ১০ বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন নিয়ে আলোচনা হয়। সেই বৈঠকে দুই উপমুখ্যমন্ত্রী ও রাজ্য সভাপতিরা উপস্থিত ছিলেন না।

দলীয় সূত্রের খবর, ১০ আসন জেতার জন্য মুখ্যমন্ত্রী ৩০ মন্ত্রীকে দায়িত্ব দিয়েছেন। যদিও উপনির্বাচন কবে হবে, সেই তারিখ নির্বাচন কমিশন এখনো জানায়নি। মনে করা হচ্ছে, চলতি বছরের শেষে মহারাষ্ট্র, হরিয়ানা ও ঝাড়খন্ড বিধানসভার নির্বাচনের সঙ্গে নির্বাচন কমিশন ওই ১০ আসনের উপনির্বাচন করাবে। সে ক্ষেত্রে দুপক্ষই সময় পাবে।

যে ১০ আসনের উপনির্বাচন, সেগুলোর মধ্যে পাঁচটি জিতেছিল সমাজবাদী পার্টি। বাকি পাঁচ আসনের মধ্যে তিনটি ছিল বিজেপির জেতা, দুটি পেয়েছিল তাদের দুই সহযোগী দল নিষাদ পার্টি ও আরএলডি। সমাজবাদী পার্টি ও কংগ্রেস প্রাথমিকভাবে একজোট হয়ে লড়াইয়ের সিদ্ধান্ত নিয়েছে। কংগ্রেস চাইছে, বিজেপি ও তার সহযোগীরা যেসব আসনে জিতেছিল, সেগুলো তাদের ছেড়ে দেওয়া হোক।

যোগী শিবির মনে করছে, বিজেপির কেন্দ্রীয় নেতৃত্ব খারাপ ফলের জন্য পুরোপুরি তাঁকে দায়ী করছে, যাতে মুখ্যমন্ত্রীর পদ থেকে তাঁকে সরিয়ে দেওয়া সহজ হয়। এই মহলের মতে, প্রধানমন্ত্রী মোদি চান না যোগী আদিত্যনাথ ভবিষ্যতে প্রধানমন্ত্রিত্বের দাবিদার হয়ে উঠুন। অমিত শাহর পথের কাঁটা সরাতে তাই এখন থেকেই তৎপরতা শুরু হয়েছে।

বিজেপির এই কোন্দলে ঘি ছড়াতে দেরি করেননি সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব। লোকসভা ভোটে রাজ্যের মোট ৮০টি আসনের মধ্যে ৩৭টি জেতার পর অখিলেশের নজরে এখন লক্ষ্ণৌয়ের তখত। গত বুধবার তিনি বলেন, 'বিজেপিতে শুরু হয়ে গেছে কুর্সি দখলের লড়াই। প্রশাসন ভেঙে পড়েছে। যে দল এত দিন ধরে বিরোধীদের দল ভাঙিয়ে রাজনীতি করে চলেছে, আজ তাদের ঘরই ভাঙনের মুখে।'

যোগী আদিত্যনাথকে ক্ষুব্ধ করে বিজেপি উত্তর প্রদেশে রাজত্ব করতে পারবে কি না, এই ডামাডোলে সেই প্রশ্ন বড় হয়ে উঠেছে। সেই সঙ্গে চর্চায় চলে এসেছে জেলবন্দি দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (এএপি) নেতা অরবিন্দ কেজরিওয়ালের ভবিষ্যদ্বাণী।

*সৌ: প্র: আ:*

## রক্ত পাতলা করার একটি ওষুধ কোবরার বিষের বিরুদ্ধে কার্যকর, বলছেন বিজ্ঞানীরা



**আপনজন ডেস্ক:** মানুষের শরীরে রক্ত পাতলা করার কাজে ব্যবহৃত কম দামি একটি ওষুধ কোবরার বিষের বিরুদ্ধে কার্যকারিতা দেখিয়েছে। অস্ট্রেলিয়া, কানাডা, কোস্টারিকা ও যুক্তরাজ্যের একটি বিজ্ঞানী দল এমন দাবি করেছে। ইতিমধ্যে হেপারিন নামের ওষুধটি ইঁদুরের ওপর পরীক্ষামূলকভাবে প্রয়োগ করে সাফল্য পাওয়া গেছে। পরে মানুষের ওপর এর পরীক্ষা চালানো হবে।

আফ্রিকা, দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলোয় বছরে প্রায় ১ লাখ ৩৮ হাজার মানুষ সাপের কামড়ে মারা যায়। দরিদ্র গ্রামীণ এলাকাগুলোয় এ ধরনের প্রাণহানি বেশি ঘটে। এ ছাড়া সাপের কামড়ের কারণে বছরে চার লাখের বেশি মানুষের নারকোসিস নামের একধরনের সমস্যা দেখা দেয়। এতে যে জায়গায় সাপ কামড় দেয়, সেখানকার চারপাশের টিস্যু বা কলা মরে যায় এবং কালো হয়ে যায়।

ভারত ও আফ্রিকার কিছু অংশে যতগুলো সাপের কামড়ের ঘটনা ঘটে, তার বেশির ভাগই কোবরার কামড়। বিজ্ঞানীরা বলছেন, হেপারিন ওষুধটি কিছু স্পিটিং কোবরার বিষ থেকে নেক্রোসিস হওয়া ঠেকাতে পারে।

যদিও ওষুধটি সব রকমের সাপের বিষের বিরুদ্ধে কার্যকর নয়; তবে বিজ্ঞানীরা বলছেন, এ ওষুধ প্রচলিত অ্যান্টিভেনম থেকে তুলনামূলক সস্তা ও নমনীয়। প্রচলিত অ্যান্টিভেনমগুলোর বেশির ভাগই নির্দিষ্ট একটি প্রজাতির সাপের বিষের বিরুদ্ধে কার্যকর এবং এগুলো নেক্রোসিস প্রতিরোধ করতে পারে না।

জ্যেষ্ঠ গবেষক এবং সিডনি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গ্রেগ নিলি বলেন, 'কোবরার কামড়ে নেক্রোসিস-জনিত ভয়ংকর যে আঘাতগুলো হয়ে থাকে, তা ব্যাপকভাবে কমাবে আমাদের এ আবিষ্কার। এ ওষুধ প্রয়োগের মধ্য দিয়ে বিষের তীব্রতাও কমে যেতে পারে। আর এতে প্রাণহানির হার কমবে।'

গবেষক ও সিডনি বিশ্ববিদ্যালয়ের পিএইচডি শিক্ষার্থী টিয়ান ডু একে একটি বড় পদক্ষেপ বলে উল্লেখ করেছেন।

# হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে কি সর্বাত্মক যুদ্ধ বেধে যেতে পারে

**বিবিসি**



ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি আগ্রাসনের প্রায় ১০ মাস হতে চলল। গাজায় নির্বিচারে হামলা চালিয়ে যাচ্ছে ইসরায়েল। এর মধ্যেই মধ্যপ্রাচ্যে আরেকটি যুদ্ধের আশঙ্কা তৈরি হয়েছে, যা ওই অঞ্চল ও আশপাশের দেশের জন্য ভয়াবহ পরিণতি ডেকে আনতে পারে। ইসরায়েল ও ইরান-সমর্থিত লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর মধ্যে ৯ মাস ধরে আন্তসীমান্তে গোলা বিনিময় হচ্ছে। এই সংঘাত আরও তীব্র হয়ে সর্বাত্মক যুদ্ধে রূপ নিলে তা গাজার বিপর্যয়কেও ছাড়িয়ে যেতে পারে। সংঘাতে অংশ নিতে পারে ইরাক ও ইয়েমেনের মিলিশিয়ারাও। উত্তাপ ছড়িয়ে পড়তে পারে পুরো মধ্যপ্রাচ্যে। যুদ্ধ বাধলে তাতে জড়িয়ে পড়তে পারে যুক্তরাষ্ট্র। সরাসরি হস্তক্ষেপ করবে ইরান। মধ্যপ্রাচ্যে আরেকটি যুদ্ধ কল্পনার চেয়েও মারাত্মক বিপর্যয় ডেকে আনতে পারে বলে সতর্ক করেছে জাতিসংঘ। লেবাননের প্রাচীন শহর টায়ার। সেখানে এ বছর গ্রীষ্মের বিস্ফোরণের শব্দ সাধারণ ঘটনা হয়ে উঠেছে। কারণ, শহর থেকে মাত্র ২৫ কিলোমিটার দূরের সীমান্তে হিজবুল্লাহ ও ইসরায়েলর মধ্যে পাল্টাপাল্টি গোলাবর্ষণ চলছে কয়েক মাস ধরে। 'আরেকটি দিন, আরেকটি বোমা'–এমনটাই বলছিলেন ৪৯ বছর বয়সী রোনাল্ড। দেশের বাইরে থাকেন এই লেবানিজ। ছুটিতে তিনি বাড়িতে এসেছেন। রোনাল্ডের বন্ধু ৩৯ বছর বয়সী মুস্তাফা বলেন, 'কয়েক মাসে আমরা কীভাবে যেন এ পরিস্থিতির সঙ্গে অভ্যস্ত হয়ে উঠেছি। তবে শিশুরা এখনো কিছুটা আতঙ্কিত।' সর্বাত্মক যুদ্ধ শুরু হলে দক্ষিণ লেবাননসহ টায়ার শহর হতে যাচ্ছে গোলাবারুদ নিক্ষেপের প্রধান কেন্দ্র। দক্ষিণ লেবাননসহ এ শহর হিজবুল্লাহর শক্ত ঘাঁটি। মুস্তাফা বলেন, 'উভয় পক্ষই বলছে, তারা যুদ্ধ চায় না। কিন্তু আমরা এখন একটি ভয়াবহ যুদ্ধের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে আছি।' গত বছরের ৭ অক্টোবর ইসরায়েলে হামলা চালায় ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। এতে ১ হাজার ২০০ ইসরায়েলি নিহত হন। হামাস যোদ্ধারা ২৫১ জনকে বন্দী করে গাজায় নিয়ে আসেন।

এ ঘটনার পরদিনই সংঘাতে জড়ায় হিজবুল্লাহ। তখন থেকেই লেবানন থেকে ইসরায়েলে গোলা নিক্ষেপ করছে সংগঠনটি। শিয়া ইসলামিক সশস্ত্র গোষ্ঠীটি বলছে, তারা গাজার সমর্থনে কার্যক্রম চালাচ্ছে। হিজবুল্লাহ একটি রাজনৈতিক দলও। লেবাননে দলটি সবচেয়ে বেশি শক্তিশালী। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ অনেক দেশ হামাসের মতোই হিজবুল্লাহকে জঙ্গী সংগঠন হিসেবে দেখে। তবে হামাসের চেয়ে অনেক বেশি শক্তিশালী গোলাবারুদ আছে হিজবুল্লাহর, যা ইসরায়েলকে মারাত্মক হুমকিতে ফেলতে পারে। হিজবুল্লাহর কাছে আধুনিক প্রযুক্তির দেড় লাখের বেশি রকেট ও ক্ষেপণাস্ত্র আছে, যা নিখুঁতভাবে লক্ষ্যবস্তুতে আঘাত করতে সক্ষম। 'হিজবুল্লাহ' কথাটার অর্থ আল্লাহর দল। অনেক দেশের চেয়ে বেশি অস্ত্রশস্ত্র আছে সংগঠনটির। তাদের সমর্থন দিয়ে আসছে ইরান। দেশটি ইসরায়েলের অস্তিত্বকে অস্বীকার করে। ইহুদি রাষ্ট্রটির শত্রুদের প্রশিক্ষণ ও অর্থ দিয়ে সহায়তা করছে ইরান। ইসরায়েল ও লেবানন সীমান্তে সংঘাত আরও উত্তপ্ত হয়ে উঠছে। সাম্প্রতিক মাসগুলোয় কয়েক হাজার হামলার ঘটনা ঘটেছে। এরই মধ্যে জার্মানি, নেদারল্যান্ডস, কানাডা, সৌদি আরবসহ অনেক দেশ তাদের নাগরিকদের জরুরি ভিত্তিতে লেবানন ছাড়তে বলেছে। দেশটিতে সব ধরনের ভ্রমণ পরিহার করতে বলেছে যুক্তরাজ্য। উভয় পক্ষই এখনো সীমান্তের কাছে সামরিক লক্ষবস্তুগুলোয় হামলা চালাচ্ছে। তবে লেবানিজরা বলছেন, 'আমরা আবাসিক এলাকাগুলোয় ধ্বংসযজ্ঞ দেখছি। মাঠের পর মাঠ পুড়ছে। অনেক বাড়িঘর ধসে গেছে। বাসিন্দারা আতঙ্কে অন্যত্র চলে যাওয়ায় অনেক গ্রাম খালি হয়ে গেছে।' ইটের জবাবে পাটকেল নিক্ষেপের কারণে এরই মধ্যে হাজারও মানুষ ঘর ছেড়ে পালিয়েছেন। লেবাননে ৯০ হাজারের বেশি এবং ইসরায়েলে প্রায় ৬০ হাজার মানুষ বাস্তুহারা হয়েছেন। এই সংঘাতে ইসরায়েলের আঘাত খুব ভালোভাবেই প্রতিহত করতে সক্ষম হয়েছে লেবানন। তবে বড় মূল্য দিতে হয়েছে লেবানন ও এর জনগণকে। সরকারি তথ্য অনুযায়ী, সংঘর্ষ শুরুর পর থেকে এ পর্যন্ত এক হাজারের বেশি লেবানিজ নিহত হয়েছেন। এর মধ্যে হিজবুল্লাহ যোদ্ধার সংখ্যা এখনো নিশ্চিত হওয়া যায়নি।

এদিকে ইসরায়েলের সরকার জানায়, দেশটির ১৬০ জন এ সংঘাতে নিহত হয়েছেন। এর মধ্যে বেশির ভাগই সেনাসদস্য।

গত অক্টোবরের পর থেকে দক্ষিণ লেবাননের বাতাসে কিছু একটা ছড়াচ্ছে ইসরালয়েল। দেশটির সামরিক বাহিনী ওপর থেকে দমবন্ধ করা সাদা ফসফোরাসের গুঁড়া ফেলছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যমতে, রাসায়নিকটি অক্সিজেনের সংস্পর্শে এলে সঙ্গে সঙ্গে জ্বলে ওঠে। এটি মানুষের ত্বক ও কাপড়ে লেগে থাকে। রাসায়নিকটি হাড় পর্যন্ত পুড়িয়ে দিতে পারে। আল বুস্তানসহ দক্ষিণ লেবাননের অনেক ঘনবসতিতে সাদা ফসফরাসের ব্যবহার হয়েছে বলে যাচাই করে সত্যতা পেয়েছে হিউম্যান রাইটস ওয়াচ। সংস্থাটি বলছে, জনবহুল এলাকায় ইসরায়েল বেআইনিভাবে সাদা ফসফরাস ব্যবহার করছে।

তবে এ দাবি নাকচ করে ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) বলছে, ধোঁয়ার দেয়াল তৈরি করতেই সাদা ফসফরাসের শেল ব্যবহার করা হচ্ছে। নির্দিষ্ট কোনো প্রত্যাশা নিয়ে ব্যাপক ঘনবসতি এলাকায় এসব শেল ব্যবহার করা হয়নি।

হিজবুল্লাহর সবচেয়ে জ্যেষ্ঠ কমান্ডার মোহাম্মাদ নামেহ নাসের। তিনি ২০০৬ সাল ও তার আগে ইসরায়েলে যুদ্ধ করেন। সিরিয়া ও ইরাকে যুদ্ধেও অংশ নিয়েছিলেন এই হিজবুল্লাহ নেতা। সাম্প্রতিক মাসগুলোয় তিনি ইসরায়েলের বিরুদ্ধে অনেক অভিযান পরিচালনা করেন। গত ৩ জুলাই ইসরায়েল বোমা হামলা চালিয়ে তাঁকে হত্যা করে।

লেবাননে সরকারব্যবস্থা বেশ টালমাটাল অবস্থায়। সেখানকার অর্থনীতি বিপর্যস্ত। বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিভেদ প্রকট। সব ধরনের নাগরিক অধিকার থেকে বঞ্চিত দেশটির জনগণ। অনেক লেবানিজই এখন ক্লান্ত। সর্বশেষ যে জিনিসটি তাঁরা চান, তা হলো আরেকটি যুদ্ধ।

**প্রথম নজর**

# ১২৯৬ বছরের প্রাচীন বাংলা শিলালিপি উদ্ধার



**জয়প্রকাশ কুইরি ● পুরুলিয়া**

**আপনজন:** পুরুলিয়া ১নং ব্লকের বাঁশড়া গ্রামে ভূমিজদের শ্মশানে রয়েছে একটি প্রাচীন বাংলা শিলালিপি। তার সম্পর্কে গবেষণার জন্য এই শিলালিপি পরিদর্শন করলেন গবেষক তথা শিক্ষিক মাধব চন্দ্র মণ্ডল, দেবরাজ মাহাতো, বংশীধর সিংহ, পলাশ পাণ্ডে, ভূমিজ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান রামপদ সিং সর্দার সহ অন্যান্য বিশিষ্ট জনেরা। দেবরাজ মাহাতো জানান, পুরুলিয়া জেলায় প্রায় প্রতিটি ভূমিজ শ্মশানে বীর স্তম্ভ, সতী স্তম্ভ, হাড়শালী রয়েছে। কোনো বীর যোদ্ধা মারা যাওয়ার পর তার সমাধিস্থলে পাথরের স্তম্ভ স্থাপন করা হয়, যেগুলিতে তীর ধনুক সহ বীর যোদ্ধা মূর্তি খোদায় করা থাকে যা দেখে সহজেই অনুমান করা যায়। বীর স্তম্ভের পাশে সতী স্তম্ভও থাকে। এই সতী স্তম্ভে নারীর মূর্তি খোদায় করা থাকে। তাছাড়া ভূমিজ সম্প্রদায়ের মধ্যে একটি রীতি ছিলো মেয়ের বিয়ের পর তার গোত্র পাল্টে যায় তাই যে গোত্রের সাথে বিয়ে হয় ঐ গোত্রের হাড়শালী তে হাড় শালী(পুতা) করা হয়।

এই সমস্ত হাড়শালীতেও তার সম্পর্কে খোদায় করে লেখা হতো। তবে এই প্রথা অনেক ব্যয়বহুল হওয়া সবার পক্ষে সম্ভব ছিলো না। মূলত জমিদার বা সমভ্রান্ত পরিবারগুলির মধ্যেই অধিক প্রচলন ছিলো। এরকম অনেকগুলি হাড়সালি রয়েছে বাঁশড়া গ্রামের শ্মশানে। যার মধ্যে একটি পাথরে একটি প্রাচীন শিলালিপি রয়েছে। ওই শিলালিপি আধুনিক বাংলাতে রয়েছে। তবে ওই লিপির মধ্যে সন ১৩৫ (বাংলা সাল) উল্লেখ রয়েছে। এই থেকে বোঝা যায় এটি প্রায় ১২৯৬ বছরের প্রাচীন। তবে লিপির সমস্তটা পাঠোদ্ধার করা সম্ভব হলে আরও অনেক তথ্য যানা যাবে। গবেষক মাধব চন্দ্র মণ্ডল জানান, এই শিলালিপি আধুনিক বাংলাতে রয়েছে। বাংলা ১৩৫ সালের কথা উল্লেখ থাকলেও এটি কত বছর আগে খোদায় করা হয়েছিল তার জন্য আরও বেশী গবেষণার প্রয়োজন রয়েছে।

# বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা শিবির স্কুলে



**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**

**আপনজন:** বৃহস্পতিবার দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জ ব্লকের অন্তর্গত আঙ্গিনা বরইট উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হল বিশেষ সচেতনতা শিবির। মূলত বাল্যবিবাহ প্রতিরোধ, শিশু পাচার ও শিশুদের উপর যৌন নির্যাতনের বিষয়ে এই সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। এদিনের সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন শক্তি বাহিনীর জেলা কো-অর্ডিনেটর মিজানুর রহমান, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক কমল রায়, কুমারগঞ্জ থানার এএসআই শ্রীমন্ত রায়, সোমজিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান ধনরায়, বিদ্যালয়ের সহকারী শিক্ষক বুদ্ধদেব দাস সহ আরো অনেকে।

জানা গিয়েছে, মূলত ছাত্র-ছাত্রীদের মধ্যে বাল্যবিবাহ প্রতিরোধ, শিশু পাচার ও শিশুদের উপর যৌন নির্যাতন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে শক্তি বাহিনী ও বিদ্যালয় কর্তৃপক্ষের তরফে এই সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। এই সমস্যাগুলির বিরুদ্ধে লড়াই করার জন্য সমাজের সকল স্তরের মানুষকে একত্রিত করা, পাশাপাশি শিশুদের অধিকার রক্ষা করার গুরুত্বের উপর জোর দেওয়া হয় এদিনের এই সচেতনতা শিবিরে। এ বিষয়ে শক্তি বাহিনীর দক্ষিণ দিনাজপুর জেলা কো-অর্ডিনেটর মিজানুর রহমান বলেন, 'ছাত্র-ছাত্রীদের মধ্যে দিয়ে সমাজে সচেতনতা বৃদ্ধি করবার জন্য এই শিবিরের আয়োজন করা হয়েছিল। আশা করছি এই ধরণের সচেতনতামূলক শিবিরের মধ্যে দিয়ে আমরা সমাজে বাল্যবিবাহ, শিশু পাচার ও শিশু যৌন নির্যাতন মুক্ত পরিবেশ তৈরি করতে পারবো।'

# ভোরবেলা মেদিনীপুরের মিষ্টি দোকানে আগুন

**নিজস্ব প্রতিবেদক ● মেদিনীপুর**

**আপনজন:** ভোরেরবেলা শর্ট সার্কিট থেকে আগুন ধরে গেল বন্ধ থাকা একটি মিষ্টির দোকানে। ভয়ংকর আগুন বুঝতে পেরে প্রতিবেশীরা বাড়ির বাইরে আসতেই দোকানে মজুদ সিলিন্ডারে বিস্ফোরণ। বিস্ফোরিত সিলিন্ডারের টুকরো ছিটকে এক নাবালকের পেটে লাগার পর ঘটনাস্থলেই মৃত্যু। তারপরেও পুড়ে গেল ছটি দোকান দুটি বাড়ি। ভয়ংকর ঘটনা ঘটল মেদিনীপুর শহরের গেটবাজার এলাকায় বৃহস্পতিবার ভোরে। স্থানীয় বাসিন্দারা জানাচ্ছেন, রাত সাড়ে তিনটার পর হঠাৎ



গেটবাজার এলাকায় রাস্তার ওপরে থাকা একটি মিষ্টির দোকানে কোন ভাবে আগুন লেগে গিয়েছিল। আগুন ক্রমে ছড়িয়ে পড়ছিল পাশাপাশি দোকান ও বস্তির বাড়ি গুলিতে। ঘুমন্ত প্রতিবেশীরা বুঝতে পেরে দ্রুত বাড়ি থেকে বেরিয়ে আসেন। বাড়ির বাইরে এসে কি হয়েছে বোঝার চেষ্টা করার সময় ওই মিষ্টির দোকানে মজুদ গ্যাস সিলিন্ডারে ভয়ঙ্কর বিস্ফোরণ ঘটে।

# বিদ্যুৎ বিভ্রাটের প্রতিবাদ করায় পুলিশের গুলিতে জখম দুই

**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** মালদার মানিকচকের এনায়েতপুরে বিদ্যুৎ বিভ্রাটের দরুন রাস্তা উপলক্ষে কেন্দ্র করে পুলিশের গুলি চালানোর ঘটনায় রিপোর্ট তলব করল নবান্ন। পুলিশ সুপারের কাছে অবিলম্বে বিপদ চেয়ে পাঠিয়েছে নবান্ন। ঘনঘন বিদ্যুৎ বিভ্রাট, সারারাত থাকছে না বিদ্যুৎ বলে অভিযোগ। প্রতিবাদে বৃহস্পতিবার দুপুরে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় গ্রামবাসীরা। লাঠি হাতে বিক্ষোভে সামিল হন মহিলারা। মালদার মানিকচক থানার নুরপুর এলাকার ঘটনা। সকাল আটটা থেকে শুরু হয় বিক্ষোভ। দুপুরের পরেও বিক্ষোভ চলে।মালদা রতুয়া রাজ্য সড়ক অবরোধ করে চলে বিক্ষোভ । পরে বিশাল পরিমাণ পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে প্রথমে লাঠিচার্জ করে। পরে কাঁদানে গ্যাসের সেল ফাটানো হয়। এরপর গুলি ছোড়ে পুলিশ। তাতেই দুজন গ্রামবাসী গুলিবিদ্ধ হন। পাল্টা গ্রামবাসীরা ও পুলিশের গাড়ি ভাঙচুর করে। চারজন পুলিশ কর্মীকে গুরুতর আহত করে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ,বেহাল বিদ্যুৎ পরিষেবার



প্রতিবাদে মালদার মানিকচকের বিভিন্ন এলাকায় পথ অবরোধ হয়। বুধবার সকাল থেকে পথ অবরোধ চলে মানিকচকের নুরপুর, মন্ডলপাড়া, সবজিপাড়া ও হাসপাতাল মোড়ে। এছাড়াও ঘন ঘন লোড শেডিং, লো-ভোল্টেজ সমস্যার প্রতিবাদে পথ অবরোধ ও বিক্ষোভের খবর মিলেছে মানিকচকের এনায়েতপুর ও মোহনা এলাকাতেও। উত্তেজিত জনতার হামলায় রক্ত ঝরল মালদার মানিকচক থানার আইসির। এছাড়াও আক্রান্ত হলেন আরও একাধিক পুলিশ কর্মী। আক্রান্ত আইসি সহ পুলিশ কর্মীদের প্রায় চার ঘন্টা ঘেরাও করে রাখে উত্তেজিত জনতা।সুত্রের খবর পুলিশের গুলিতে দুজন জখম তাদের মালদা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা জন্য নিয়ে আসা হয়।

অবশেষে মালদা জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদবের নেতৃত্বে মালদা থেকে বিশাল পুলিশ ও র্যাফ বাহিনী গিয়ে আক্রান্ত পুলিশ কর্মীদের উদ্ধার করেন। উদ্ধারের পর ধরপাকড় অভিযান শুরু করে পুলিশ। আর ধরপাকড়, অভিযান শুরু করতেই গোটা এলাকা কার্যত শুনশান হয়ে পড়ে বলে খবর।

# নিত্যদ্রবের দাম বৃদ্ধি, অভিযান টাস্ক ফোর্সের



**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**

**আপনজন:** আলু, পেঁয়াজ সহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম আকাশছোঁয়া। মাথায় হাত মধ্যবিত্ত বাঙ্গালীর।

এই অবস্থায় মুখ্যমন্ত্রীর তরফে আগেই দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের নির্দেশ দেওয়া হয়।

বৃহস্পতিবার বাঁকুড়া শহরের রাসতলা ও নতুনগঞ্জ বাজারে পুলিশকে সঙ্গে নিয়ে অভিযান চালান টাস্ক ফোর্সের সদস্যরা। তাঁরা মূলত আলু, পেঁয়াজ, রসুন, আদার আড়ৎ গুলি পরিদর্শণ করেন, কথা বলেন সংশ্লিষ্ট বিক্রেতাদের সঙ্গে।

বিক্রেতারা জানিয়েছেন, বেশী দামে কিনতে হচ্ছে, সেকারণেই বিক্রিও সেইভাবে করতে হচ্ছে। তবে টাস্ক ফোর্সের সদস্যদের কথা মতো দাম কমানোর চিন্তা ভাবনা তারা করছেন বলে জানান।

টাস্ক ফোর্সের অন্যতম সদস্য, জেলা কৃষিজ বিপনন দপ্তরের আধিকারিক অর্ক রায়চৌধুরী বলেন, আলুর ক্ষেত্রে সরকারী নির্দেশ ছিল ৮ জুলাই যে দাম ছিল তার বেশী বাড়তে দেওয়া যাবেনা। ব্যবসায়ীরা কথা রেখেছেন, আলুর দাম নিম্নমুখী।

পেঁয়াজের দামও বাড়েনি, বেশ কিছু আড়ৎদারদের কাছে বেশী পরিমান রসুন মজুত আছে, তা অতিদ্রুত বাজারে ছেড়ে দেওয়ার কথা বলা হয়েছে। একই সঙ্গে সরকারী উদ্যোগে আলু ২৭ ও পেঁয়াজ ৩৬ টাকা কেজি দরে বিক্রি শুরু হয়েছে বলে তিনি জানান।

**ছড়িয়ে-ছিটিয়ে**

# সবজি বাজারে অভিযান বিডিও-র



**মোহাম্মদ জাকারিয়া ● করণদিঘী**

**আপনজন:** করণদিঘি ব্লকের বিলাসপুর হাঁটে বৃহস্পতিবার সবজি দামের রক্ষায় বিশেষ অভিযান পরিচালিত হচ্ছে। পুলিশ কর্মীরা সহ ব্লক প্রশাসন অধিকারীরা বাজারে ঘুরে দেখছেন এবং যাচাই করছেন যে সবজির দাম সরকারি বাজারের মধ্যেই রয়েছে কিনা। এক্ষেত্রে সবজির দাম অবৈধভাবে বাড়ানোর প্রকৃতির কোন ঘটনা প্রতিফলিত হবে না বলে জানিয়েছেন পুলিশ অধিকারীরা। অভিযানের সময়ে ছিলেন করণদিঘীর বিডিও জয়ন্ত দেবব্রত চৌধুরী এবং বাপ্পাদিত্য রায়। সবজি দামের নিয়ন্ত্রণ বাজারের জন্য এই প্রচেষ্টায় অভিযান চালানোর প্রস্তুতি গড়ে তোলা হচ্ছে।

# সুন্দরবনের ম্যানগ্রোভ ধ্বংস রুখতে কড়া পদক্ষেপ গ্রহণ ক্যানিং থানার

**সুভাষ চন্দ্র দাশ ● ক্যানিং**

**আপনজন:** বিশ্বের বৃহত্তম ব-দ্বীপ ম্যানগ্রোভ অরণ্য সুন্দরবন।পুলিশ প্রশাসনের নজর এড়িয়ে বেশকিছু মানুষজন সুন্দরবনের বিভিন্ন প্রান্তে প্রতিনিয়ত ম্যানগ্রোভ নিধন করে চলছে।ফলে বারে বারে প্রাকৃতিক দুর্যোগের সম্মূখীন হতে হচ্ছে সুন্দরবন কে।এমনকি বিঞ্জানীদের ধারণা বিশ্ব উষ্ণায়ণ আর ম্যানগ্রোভ নিধনের জন্য সুন্দরবন আগামী দিনে পৃথিবীরমানচিত্র থেকে বিলীন হয়ে যেতে পারে।উল্লেখ্য এমনই ম্যানগ্রোভ নিধন যঞ্জ সুন্দরবনের সর্বত্রই চলছে।এছাড়াও ক্যানিংয়ের ডাবু,নিকারীঘাটা,গোলাবাড়ি,বুধোখালি সহ মাতলা নদী সংলগ্ন বিভিন্ন এলাকায় চলছে ম্যানগ্রোভ নিধন যঞ্জ। গত ৫ দিন আগে ম্যানগ্রোভ কেটে অবৈধ ঘর নির্মাণ করার জন্য ইটখোলা পঞ্চায়েতের বুধোখালি থেকে একজন কে গ্রেফতার করেছিল ক্যানিং থানার পুলিশ।এছাড়াও ডাবু পর্যটন সংলগ্ন মাতলা নদীর তীরে ম্যানগ্রোভ ধ্বংস রুখতে বিগত দিনে বেশ



কয়েকবার আচমকা হানা দিয়েছিল।সেক্ষেত্রে প্রচুর বেআইনি কাটা ম্যানগ্রোভ উদ্ধার করেছিল পুলিশ।প্রতিনিয়ত এমন ম্যানগ্রোভ ধ্বংস রুখতে নজরদারীও বাড়িয়েছে ক্যানিং থানার পুলিশ। তা স্বত্বেও পুলিশের নজরদারী এড়িয়ে বেশকিছু অসাধু চক্র ম্যানগ্রোভ নিধন চালিয়ে যাচ্ছে।জানা গিয়েছে নদীতে ভাটার সময় অসাধু ব্যক্তিরা ম্যানগ্রোভ অরণ্যে নেমে একের পর এক ম্যানগ্রোভ গাছ কেটে ফেলে রেখে আসে।নদীতে জোয়ার এলে সেই সমস্ত কাট নিয়ে পাচার করে দেওয়া হয়। এমনকি নৌকা কিংবা ভুটভুটি করে বেআইনি কাঠ নিয়ে পাচার করা হয় বলে অভিযোগ। ম্যানগ্রোভ অরণ্য অক্ষত রাখতে ক্যানিং থানার পুলিশ নজরদারী বাড়িয়েও ক্ষান্ত থাকেন নি।ম্যানগ্রোভ অরণ্য ধ্বংসকারীদের কে কড়া হাতে দমন করতে অভিনব পন্থা অবলম্বন করেছে ক্যানিং থানার পুলিশ প্রশাসন। ম্যানগ্রোভ ধ্বংস রুখতে এবং অসাধু চক্রকে দমন করতে বৃহস্পতিবার বিকালে রীতিমতো মাইকিং করে সচেতন করা হয়েছে ক্যানিংয়ের বিভিন্ন এলাকায়।

# রঘুনাথগঞ্জে পথ দুর্ঘটনায় নিহত ৩



**রাজু আনসারী ● অরঙ্গাবাদ**

**আপনজন:** মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের মির্জাপুরে দুর্ঘটনায় একে একে ঝড়ে গেল তিনটি প্রাণ। এক বছর আগে বিয়ে করে স্ত্রীকে পড়াশুনা করিয়ে উচ্চ শিক্ষা করানোর স্বপ্ন দেখেছিলেন রঘুনাথগঞ্জের মির্জাপুরের যুবক শুভ মন্ডল। কিন্তু না ভাগ্য সাথ দিলো না। বৃহস্পতিবার সকালে নিজের স্ত্রীকে বাইকে করে চাপিয়ে স্কুল নিয়ে যাওয়ার পথে অপর প্রান্ত থেকে আসা বেপরোয়া বাইকের ধাক্কায় প্রাণ হারাতে হলো তাকে। শুধু শুভ মন্ডলকেই নয়, মির্জাপুরের দুর্ঘটনায় আরও দুই মৃতের নাম সন্দ্বীপ মন্ডল, ভাদু মন্ডল এবং শুভ মন্ডল। জখম দ্বীপ চাদ মন্ডল ও পূজা মন্ডল।

# ৫০০০ বোতল ফেনসিডিল সহ ধৃত দুই



**সজিবুল ইসলাম ● ডোমকল**

**আপনজন:** পাঁচ হাজার বোতল ফেনসিডিল সহ গ্রেফতার ২, ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সাত সকালে মুর্শিদাবাদের ইসলামপুর থানায়, বহরমপুর করিমপুর রাজ্য সড়কের ইসলামপুর ভৈরব ব্রিজের টোল গেটে,গোপন সূত্রে খবর পেয়ে পণ্যবাহী ট্রাক আটক করে তল্লাশি চালিয়ে মোট পাঁচ হাজার বোতল ফেনসিডিল উদ্ধার করে ইসলামপুর থানার পুলিশ যার বাজার মূল্য ২০ লক্ষ টাকা বলে পুলিশ জানিয়েছে। ঘটনায় দুজনকে গ্রেফতার করেছে ডোমকল এসডিপিও শুভম বাজাজ এবং ডোমকল সিআই সহ ইসলামপুর থানার ওসি সহ বিশাল পুলিশ বাহিনী। ধৃতরা হলেন মিঠুন দাস এবং মনিরুল ইসলাম।


# মুর্শিদাবাদে তৃণমূলের পদযাত্রা




**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** আগামী একুশে জুলাই তৃণমূল কংগ্রেসের ধর্মতলার শহীদ সমাবেশকে সামনে রেখে বৃহস্পতিবার সন্ধ্যায় লালবাগ নেতাজি আবাসে মুর্শিদাবাদ শহর তৃণমূলের পক্ষ থেকে প্রস্তুতি সভা করা হয়। এর পাশাপাশি মুর্শিদাবাদ শহরজুড়ে পদযাত্রা করে তৃণমূল কর্মীরা। মুর্শিদাবাদ শহর তৃণমূল সভাপতি তথা পৌরপিতা ইন্দ্রজিৎ ধর জানান, 'প্রতিটি ওয়ার্ড থেকে একটি করে চারচাকা গাড়ি এবং বাসের ব্যবস্থা করা হয়েছে। দু'মাস আগে থেকে ভাগীরথী এক্সপ্রেসের টিকিট কেটে রাখা হয়েছে। সব মিলিয়ে প্রায় হাজার-বারোশো কর্মী মুর্শিদাবাদে শহর থেকে নিয়ে যাওয়ার পরিকল্পনা রয়েছে ধর্মতলার সমাবেশে।'


# নওদায় ব্লক তৃণমূলের ২১ জুলাই-এর প্রস্তুতি সভা



**রাকিবুল ইসলাম ● নওদা**

**আপনজন:** মমতা ব্যানার্জি ও অভিষেক ব্যানার্জির নির্দেশে এবং নওদা ব্লক তৃনমূল কংগ্রেস সভাপতি সফিউজ্জামান সেখ এর উদ্যোগে ২১ জুলাই-এর প্রস্তুতি সভা ও সংবর্ধনা ও এবং বিজয়োৎসব অনুষ্ঠান অনুষ্ঠিত হল বৃহস্পতিবার মুর্শিদাবাদের নওদা থানার আমতলা হাই স্কুল মাঠে। এদিন বহরমপুর এবং মুর্শিদাবাদ লোকসভার দুই সাংসদ ইউসুফ পাঠান ও আবু তাহের খান এবং জেলা তৃণমূল সভাপতি অপূর্ব সরকার ও বিধায়ক রবিউল আলম চৌধুরীকে ফুল, মিষ্টি, সাল চাদর, মুর্শিদাবাদের কাসার থালা দিয়ে সংবর্ধনা দেওয়া হয়। এদিন উপস্থিত ছিলেন নওদা ব্লক তৃণমূল সভাপতি তথা জেলা পরিষদের শিক্ষা কর্মদক্ষ শফিউজ্জামান শেখ, জেলা পরিষদের সহকারী সভাপতি, নওদা পঞ্চায়েত সমিতির সভাপতি শহিদুল ইসলাম মন্ডল, পঞ্চায়েত সমিতির কর্মদক্ষ ও সদস্যারা সহ ব্লকের সমস্ত পঞ্চায়েত প্রধান ও অঞ্চল তৃণমূল সভাপতি এবং জনপ্রতিনিধিরা। এদিন সংবর্ধনা অনুষ্ঠান শেষে প্রত্যেকে মিষ্টিমুখ করানো হয়।


# স্বেচ্ছাসেবী সংস্থার স্বাস্থ্য সহায়তা কেন্দ্র পাহাড়ি গ্রামে



**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:**সিউড়ি শহর সংলগ্ন পাহাড়ি গ্রামে উপহার ওয়েলফেয়ার সোসাইটি নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে স্বাস্থ্য সহায়তা কেন্দ্রের শুভ উদ্বোধন করা হয়। পাশাপাশি এলাকার মানুষের জন্য স্বাস্থ্য পরীক্ষা শিবিরেরও আয়োজন করা হয়। বিনামূল্যে শারীরিক এবং মানসিক চিকিৎসা করা হয়।এছাড়াও সুগার,প্রেসার,রক্তে অক্সিজেনের পরীক্ষা সহ নানা প্রাথমিক পরীক্ষানিরীক্ষা হয় শিবিরের মাধ্যমে। উপস্থিত ছিলেন সিউড়ি সদর হাসপাতালের স্নায়ু-মনোরোগ বিশেষজ্ঞ ডাক্তার জিষ্ণু ভট্টাচার্য, নার্সিং কর্মী সুস্মিতা দত্ত,মনোবিদ প্রিয়নীল পাল, স্থানীয় স্বাস্থ্যকর্মী সুমন গড়ায় বামদেব গড়ায় সহ প্রমুখ। শারীরিক বিভিন্ন রোগ পরীক্ষা নিরীক্ষা করার পাশাপাশি মানসিক সমস্যা জনিত বিষয়েও পরামর্শ দেন। আয়োজক সংস্থার সম্পাদক বলেন যে, উক্ত গ্রামে আমাদের সংস্থার অফিস এবং সহায়তা কেন্দ্র খোলার উদ্দেশ্য হচ্ছে গ্রামের মানুষ অনেক সময় সঠিক রোগ চিহ্নিত না হওয়ায় সঠিক চিকিৎসা পান না। তার পরিষেবা দেওয়া।

# অবসরপ্রাপ্ত শিক্ষক স্বেচ্ছায় শিক্ষাদান করছেন স্কুলে




**নিজস্ব প্রতিবেদক ● মুর্শিদাবাদ**

**আপনজন:** মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার ঐতিহ্যবাহী মধুরকুল হাই স্কুলের (উঃ মাঃ) শিক্ষক ও দ্বিভাষিক কবি আশিফ মাসুদ আনুষ্ঠানিকভাবে অবসর গ্রহণ করেন গত ১লা জুলাই ২০২৪ তারিখে। এলাকায় একজন আদর্শ, দক্ষ ও নীতিবান ইংরেজি ভাষার শিক্ষক হিসেবে তাঁর নাম সবার জানা। সরকারী নিয়মে তিনি স্কুল থেকে অবসর গ্রহণ করলেও স্কুলের ছাত্র ছাত্রী ও সহকর্মীদের ভালবাসার টান তাঁকে এখনো পিছু টানে। ফলে অবসর প্রাপ্ত হওয়ার পরেও তিনি তাঁর মুর্শিদাবাদ জেলারই অন্তর্গত ইসলামপুর নামক স্থানের বাড়ি থেকে প্রায় ১৯ কিলোমিটার রাস্তা পাড়ি দিয়ে নিয়মিত স্কুলে আসার ইচ্ছা পোষণ করেন। সেখানে তিনি বর্তমানে স্বেচ্ছায় স্কুলের ছাত্র ছাত্রীদের নিয়মিত শিক্ষা প্রদান করে আসছেন। এতে করে তিনি স্কুলের ছাত্র-ছাত্রী, সহকর্মী ও অভিভাবকদের সবার চোখের মণি হয়ে উঠেছেন। এ জামানায় এমন আদর্শ শিক্ষকের দেখা মেলা সত্যি সত্যিই বিরল।

*ছবি: ইমদাদুল ইসলাম*


# মসজিদপুর প্রাইমারি স্কুলে পালিত হল অরণ্য সপ্তাহ



**নিজস্ব প্রতিবেদক ● বর্ধমান**

**আপনজন:** অরণ্য সপ্তাহ পালিত হলো পূর্ব বর্ধমানের রায়না ২ ব্লকের মসজিদপুর প্রাথমিক বিদ্যালয়ে। বিদ্যালয়ের প্রথম শিক্ষক আনোয়ারুল বারির উদ্যোগে গাছ গ্রুপের সহযোগিতায় অরণ্য সপ্তাহ উপলক্ষে বৃক্ষ রোপন ও বিতরণ করা হল বৃহস্পতিবার। সকালে গাছ লাগিয়ে যাতে গাছটিকে যত্ন সহকারে বড় করে তোলেন সেই বার্তা দিতে একটি পদযাত্রা করা হয়। বিদ্যালয়ের প্রাঙ্গনে বৃক্ষরোপনের পাশাপাশি অতিথি অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের হাতে গাছের চারা তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন রায়না ৪ চক্রের এডুকেশন সুপারভাইজার শরৎ কোলে,গাছ গ্রুপের সদস্যা তথা গয়েশপুর এস.এ.এইচ গার্লস হাই মাদ্রাসার সহ শিক্ষিকা তথা গাছ গ্রুপের সদস্যা রোজিনা পারভিন, গয়েশপুর এস.এ.এইচ গার্লস হাই মাদ্রাসার ভূগোলের শিক্ষিকা সফিউন্নিসা খাতুন, মসজিদপুর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ারুল বারি,সহশিক্ষক জুনদুল্লাহ ও পল্টু খাণ্ডাইত সহ অন্যান্যরা।


# নকল সোনার কারবারের মূল অভিযুক্ত পুলিশের জালে



**হাসান লস্কর ● কুলতলি**

**আপনজন:** জানা গিয়েছে, নকল সোনা প্রতারণা চক্রের অন্যতম পাণ্ডা সাদ্দাম কুলতলীর চুপড়িঝাড়ার মাছের ভেড়ির চালাঘরে লুকিয়ে ছিল। বুধবারও পুলিশকে দেখে পালিয়ে যাওয়ার চেষ্টা করে সাদ্দাম। কিন্তু এবার আর সুবিধা করতে পারেনি।অবশেষে পুলিশের জালে সাদ্দাম। বুধবার গভীর রাতে পুলিশের হাতে ধরা পড়ে কুলতলির সাদ্দাম সর্দার। চুপড়িঝাড়া গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে সাদ্দামকে গ্রেফতার করে কুলতলি থানার পুলিশ। জানা গিয়েছে, নকল সোনা প্রতারণা চক্রের অন্যতম প্রধান পাণ্ডা সাদ্দাম মাছের ভেড়ির চালাঘরে লুকিয়ে ছিল। বুধবার পুলিশকে দেখে পালিয়ে যাওয়ার চেষ্টা করে সাদ্দাম। কিন্তু এবার আর সুবিধা করতে পারেনি। পুলিশের জালে ধরা পড়ে নকল সোনা প্রতারণার মাথা। বারুইপুর পুলিশ ডিস্ট্রিকের এসপি পলাশ চন্দ্র ঢালী সাদ্দামের গ্রেফতার প্রসঙ্গে সাংবাদিক সম্মেলন ও করেন পরে তাকে বারাইপুর আদালতে পেশ করা হয়। পুলিশ হেফাজতে নেওয়ার ও কথা জানান তিনি।

# পুরপ্রধানের ওয়ার্ডেই পুকুর বোজানোর অভিযোগ



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** বোলপুর পৌরসভার ১২ নম্বর ওয়ার্ডে তিলে তিলে একটি পুকুর বুজিয়ে দেওয়ার কাজ চালাচ্ছে বলে অভিযোগ তুলেছেন স্থানীয় বাসিন্দারা। আর এই ঘটনাই রীতিমত অসুবিধায় পড়েছেন এলাকার মানুষ। এক সময়ই এই পুকুর বিভিন্ন কাজে ব্যবহার করা হতো। কিন্তু এখন পরিস্থিতি এমন হয়ে দাঁড়িয়েছে পুকুরের জল ব্যবহার তো দূরের কথা পুকুরে নামা পর্যন্ত যায় না। পুকুর বোজানোর ক্ষেত্রে যাদের বিরুদ্ধে আঙ্গুল উঠেছে তারা হল বোলপুর পৌরসভা এবং রেল। রেলের জায়গায় এই পুকুরটি রয়েছে। যে পুকুরে বোলপুর পৌরসভার বিভিন্ন প্রান্ত থেকে জঞ্জাল তুলে এনে ফেলা হচ্ছে পৌরসভার তরফ থেকে। অন্যদিকে রেলের যে সকল কাজকর্ম চলছে এবং তার ফলে যে সকল রাবিশ তৈরি হচ্ছে তাও রেল এই পুকুরে এনেই ফেলছে। এইভাবে পুকুরটিকে বন্ধ করে দেওয়ার বিরুদ্ধে রীতিমতো সোচ্চার এলাকাবাসী। তাদের দাবি, তাদের এলাকায় আর কোন পুকুর নেই। এই পুরুটি তাই বন্ধ হয়ে গেলে তারা চরম অসুবিধায় পড়বেন।

# ফিফা র‍্যাঙ্কিং: শীর্ষেই আর্জেন্টিনা, স্পেনের বড় লাফ, ব্রাজিলের অবনতি



**আপনজন ডেস্ক:** কোপা আমেরিকা, বিশ্বকাপ, কোপা আমেরিকা–লাতিন আমেরিকার প্রথম দল হিসেবে সদ্যই ত্রিমুকুট জয়ের কীর্তি গড়েছে আর্জেন্টিনা। প্রত্যাশিতভাবে লিওনেল মেসির দলই আছে ফিফা র‍্যাঙ্কিংয়ের শীর্ষে। কোপায় অপরাজিত চ্যাম্পিয়ন হয়ে নিজেদের আরও ধরাছোঁয়ার বাইরে নিয়ে গেছে আর্জেন্টিনা। দলটির রেটিং পয়েন্ট বেড়েছে ৪১.৩৪।
র‍্যাঙ্কিংয়ে বেশ বড় লাফ দিয়েছে ইউরোজয়ী স্পেন। পাঁচ ধাপ এগিয়ে তিনে উঠে এসেছে স্প্যানিশরা। কোপার কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নেওয়া ব্রাজিল এক ধাপ নিচে নেমে গেছে। গত এক মাস কোনো ম্যাচ না খেলেও উন্নতি হয়েছে বাংলাদেশের। এক ধাপ এগিয়ে জামাল ভূঁইয়ার দলের বর্তমান অবস্থান ১৮৪। আজ নিজেদের ওয়েবসাইটে সর্বশেষ এই র‍্যাঙ্কিং প্রকাশ করেছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা। পরবর্তী র‍্যাঙ্কিং প্রকাশ করা হবে আগামী ১৯ সেপ্টেম্বর। বিশ্ব চ্যাম্পিয়ন আর্জেন্টিনা গত বছরের এপ্রিলে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলকে সরিয়ে র‍্যাঙ্কিংয়ের চূড়ায় উঠে আসে। ১৫ মাস ধরে শীর্ষস্থানটা ধরে রেখেছে তারা। বর্তমানে দলটির রেটিং পয়েন্ট ১৯০১.৪৮। ইউরোর সেমিফাইনাল থেকে বিদায় নেওয়া ফ্রান্স দুইয়েই রয়েছে। কিলিয়ান এমবাপ্পের দলের পয়েন্ট ১৮৫৪.৯১।
সর্বশেষ র‍্যাঙ্কিংয়ে সবচেয়ে বেশি পয়েন্ট বেড়েছে স্প্যানিশদেরই। দলটির পয়েন্ট বেড়েছে ১০৫.৭৫। ইউরোর রানার্সআপ ইংল্যান্ড এক ধাপ এগিয়ে উঠে এসেছে চারে। ব্রাজিল নেমে গেছে পাঁচে।
র‍্যাঙ্কিংয়ের শীর্ষ দশে রয়েছে আরেকটি চমক। কোপার ফাইনালে ওঠার পুরস্কারস্বরূপ নয়ে উঠে এসেছে কলম্বিয়া। হামেস রদ্রিগেজের দল দুই বছর পর শীর্ষ দশে উঠে এসেছে। শীর্ষ দশের বাকি চার দল বেলজিয়াম (৬), নেদারল্যান্ডস (৭), পর্তুগাল (৮) ও ইতালি (১০)। ইউরোর কোয়ার্টার ফাইনাল থেকে বাদ পড়ায় দুই ধাপ অবনমন হয়েছে রোনালদোর পর্তুগালের।
আজ প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে সবচেয়ে বড় চমক হয়ে এসেছে ভেনেজুয়েলা ও তুরস্ক। দুটি দলই কোপা ও ইউরোর কোয়ার্টার ফাইনালে উঠেছে। সেটারই ইতিবাচক প্রভাব পড়েছে র‍্যাঙ্কিংয়ে। ভেনেজুয়েলা ১৭ ধাপ এগিয়ে অবস্থান করছে ৩৭ নম্বরে, তুরস্ক ১৬ ধাপ এগিয়ে আছে ২৬ নম্বরে। এ ছাড়া চমক জাগিয়ে কোপার সেমিফাইনালে ওঠা কানাডা দুই বছর পর শীর্ষ ৪০–এ উঠে এসেছে। এশিয়ার দলগুলোর মধ্যে শীর্ষে আছে জাপান। তারা আছে ১৮ নম্বরে। ১৪ নম্বরে থেকে আফ্রিকার দলগুলোর মধ্যে ওপরে আছে কাতার বিশ্বকাপের সেমিফাইনালে খেলা মরক্কো।

# মেসিকে ক্ষমা চাইতে বলায় চাকরি গেল আর্জেন্টিনার ক্রীড়া কর্মকর্তার



**আপনজন ডেস্ক:** লিওনেল মেসিকে ক্ষমা চাইতে বলায় চাকরি খোয়ালেন আর্জেন্টিনার আন্ডার সেক্রেটারি অব স্পোর্টস জুলিও গারো। গত রোববার আর্জেন্টিনা কোপা আমেরিকা জেতার পর সামাজিক যোগাযোগমাধ্যমে দলটির মিডফিল্ডার এনজো ফার্নান্দেজের পোস্ট করা লাইভ ভিডিওতে তিনি এবং তাঁর সতীর্থদের বর্ণবাদী গান গাইতে দেখা যায়।
সেই গানে ফ্রান্স দলকে নিয়ে অত্যন্ত অপমানজনক ও বর্ণবাদী ভাষা ছিল। সেখানে আর্জেন্টিনা অধিনায়ক লিওনেল মেসি না থাকলেও এ ঘটনায় মেসি ও আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের (এএফএ) সভাপতি ক্লদিও তাপিয়াকেও ক্ষমা চাইতে বলেছিলেন গারো। এরপরই তাঁকে বরখাস্ত করেন আর্জেন্টিনার প্রেসিডেন্ট হ্যাভিয়ার মিলেই।
গারো বলেছিলেন, 'জাতীয় দলের অধিনায়কের এ জন্য ক্ষমা চাওয়া উচিত। এএফএ সভাপতিরও ক্ষমা চাওয়া উচিত। আমার মনে হয় এটা ঠিক না। এটা আমাদের গৌরবান্বিত দেশকে বাজে পরিস্থিতিতে ফেলেছে।' গারোর এই মন্তব্য ভালোভাবে নেননি আর্জেন্টিনার প্রেসিডেন্ট মিলেই।
এরপর আর্জেন্টিনা সরকারের অফিশিয়াল এক্স অ্যাকাউন্ট থেকে গারোকে বরখাস্ত করার ঘোষণা দেওয়া হয়। সেখানে লেখা হয়, 'প্রেসিডেন্ট অফিস জানাচ্ছে যে বিশ্ব চ্যাম্পিয়ন, টানা দুবার কোপা আমেরিকা চ্যাম্পিয়ন আর্জেন্টিনা জাতীয় দল কিংবা কোনো নাগরিক কী ভাববে, কী করবে, সেটা কোনো সরকার বলতে পারে না। এ কারণে জুলিও গারো আর্জেন্টিনার আন্ডার সেক্রেটারি অব স্পোর্টসের দায়িত্বে আর থাকছেন না।'
বরখাস্ত হওয়ার পর এক্সে করা পোস্টে গারো দুঃখ প্রকাশ করে বলেন, 'আমার কথা যদি কাউকে আঘাত করে, তাহলে দুঃখিত। এটা আমার উদ্দেশ্য ছিল না। তবে আমি সব সময়ই যেকোনো ধরনের বর্ণবাদের বিরুদ্ধে থাকব।'
মায়ামিতে কোপার ফাইনালে কলম্বিয়াকে ১-০ গোলে হারিয়ে টানা দ্বিতীয়বার এই টুর্নামেন্টের শিরোপা জেতে আর্জেন্টিনা।
এরপর টিম বাসে খেলোয়াড়দের উদ্‌যাপন সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে লাইভ করছিলেন ফার্নান্দেজ, যেখানে ওই বর্ণবাদী গানটি শোনা যায়। অবশ্য বর্ণবাদী গানটি শুরু করার পরপরই লাইভ বন্ধ করে দেন ফার্নান্দেজ। ২০২২ সালের বিশ্বকাপ ফাইনাল প্রতিপক্ষ ফ্রান্সকে নিয়ে গানটি বানিয়েছিলেন আর্জেন্টিনার সমর্থকেরা। আর্জেন্টিনার খেলোয়াড়দের উদ্‌যাপনের সময় মেসি টিম বাসে ছিলেন না।

# টি-টোয়েন্টি বিশ্বকাপ আয়োজন করে বড় ক্ষতি আইসিসির!



**আপনজন ডেস্ক:** যেকোনো সংস্করণের বিশ্বকাপ আয়োজন করে ক্ষতির মুখে পড়েছে আইসিসি এমনটা কখনো শোনা যায়নি। কিন্তু এত দিন যা শোনা যায়নি এবার নাকি তেমনি ঘটতে যাচ্ছে।
যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজে বিশ্বকাপ আয়োজন করে বড় ক্ষতির মুখে পড়েছে ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা।
এমন সংবাদই জানিয়েছে ভারতের সংবাদ সংস্থা পিটিআই।
সংস্থাটি তাদের প্রতিবেদনে জানিয়েছে, ভারতের দ্বিতীয় টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের টুর্নামেন্টে বাংলাদেশি মুদ্রায় প্রায় ২৩৫ কোটি টাকার মতো ক্ষতির মুখে পড়েছে আইসিসি। এই ক্ষতির বেশির ভাগ নাকি যুক্তরাষ্ট্রের ম্যাচগুলোয় হয়েছে এমনটা জানা গেছে। অথচ ভারত-পাকিস্তানের ম্যাচসহ দুই দলের গ্রুপ পর্বের বাকি ম্যাচগুলোও এখানে ছিল। যখন বলা হয় ভারত-পাকিস্তান ম্যাচ মানেই আইসিসির পকেট গরম তখন এমন ক্ষতির সংবাদ শোনা একটু বিস্ময়কর!
যদিও এখনো আয়-ব্যয়ের কোনো হিসাব প্রকাশ করেনি আইসিসি। আগামীকাল শুক্রবার এ নিয়ে আইসিসির বার্ষিক সভায় (এজিএম) আলোচনা হওয়ার কথা শ্রীলঙ্কায়। তবে কালকের এজিএমের মূল যে ৯টি পয়েন্ট নিয়ে আলোচনা হবে তাতে অবশ্য এই বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়নি।
আলোচনার মূল বিষয় হচ্ছে গ্রেগ বার্কলের বদলে আইসিসির সভাপতি জয় শাহ হবেন কি না। আইসিসির এক সূত্রের বরাত দিয়ে পিটিআই তাদের প্রতিবেদনে লিখেছে, 'কিভাবে হবে সেটা বিষয় নয়, কখন হবে, সেটা গুরুত্বপূর্ণ। বিসিসিআইয়ের নিয়ম অনুযায়ী, কুলিং অফে যাওয়ার আগে এখনো এক বছর ভারতীয় ক্রিকেট বোর্ডের দায়িত্ব থাকবেন জয় শাহ। যদি উনি ২০২৫ সালে দায়িত্ব নিতে চান, তাহলে গ্রেগ বার্কলে ২০২৪-এর ডিসেম্বর থেকে ২০২৬ পর্যন্ত তৃতীয় মেয়াদের সভাপতির মেয়াদ পূর্ণ করতে পারবেন না।'

# আইসিসির অ্যাওয়ার্ড পেল ৬ সহযোগী দেশ



**আপনজন ডেস্ক:** ক্রিকেটের অগ্রগতির জন্য বিভিন্ন ধরণের পদক্ষেপ নেয় ইন্টারন্যাশনাল (ক্রিকেট কাউন্সিল) আইসিসি। সেই লক্ষ্যে আইসিসি বুধবার ডেভেলাপমেন্ট অ্যাওয়ার্ড প্রদান করেছেন ছয়টি দেশকে। সহযোগী দেশগুলোতে ক্রিকেট ছড়িয়ে দেওয়ার কাজ করায় তাদেরকে স্বীকৃতি দিয়েছে আইসিসি।
এ বছরের সেরা অ্যাওয়ার্ড জিতেছে মেক্সিকো।
মেক্সিকোর কয়েদিদের নিয়ে ক্রিকেটের এক প্রজেক্টের আয়োজন করে আজ বুধবার আইসিসির ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড পেয়েছে মেক্সিকোর ক্রিকেট। যে আয়োজনের জন্য 'আইসিসি ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ অব দা ইয়ার' ক্যাটাগরিতে পুরস্কার পেয়েছে মেক্সিকো। এছাড়াও ভারতে স্ট্রিট চাইল্ড বিশ্বকাপে দল পাঠিয়েছিল তারা।
গত বছর মেক্সিকোর ক্রীড়া সচিবালয় ও মেক্সিকো ক্রিকেট অ্যাসোসিয়েশন যৌথভাবে জেলখানায় কয়েদিদের মধ্যে ক্রিকেটকে পরিচিত করে তুলতে এ প্রকল্পটি হাতে নেয়।
পুরস্কার পাওয়া বাকি পাঁচটি দেশ হলো নেদারল্যান্ডস, সংযুক্ত আরব আমিরাত, নেপাল, ওমান এবং স্কটল্যান্ড। ছয়টি ভিন্ন ক্যাটাগরিতে দেশগুলো পুরস্কার পেয়েছে। ২১টি দেশ থেকে বাছাই করে ছয়টি দেশকে এই অ্যাওয়ার্ড দেওয়া হয়। 'হানড্রেড পারসেন্ট ফিমেল ক্রিকেট ইনিশিয়েটিভ অব দা ইয়ার' পুরস্কার জিতেছে ওমান। 'ক্রিকেট ফর হার' প্রকল্পের মাধ্যমে নারী প্রতিভা খুঁজে বের করা, পরিচর্যা, স্কিল বাড়ানো ও নারীর ক্ষমতায়নের উদ্যোগের জন্য এই স্বীকৃতি ওমান পেয়েছে। 'মেনস পারফরম্যান্স অব দা ইয়ার' পুরস্কার জিতেছে নেদারল্যান্ডস। গত বছর বাছাইপর্বে ওয়েস্ট ইন্ডিজ ও স্কটল্যান্ডকে হারিয়ে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপে জায়গা করে নিয়েছিল নেদারল্যান্ডস। এরপর দক্ষিণ আফ্রিকা ও বাংলাদেশকেও হারায় বিশ্বকাপের মঞ্চে।
'উইমেনস পারফরম্যান্স অব দা ইয়ার' জিতেছে সংযুক্ত আরব আমিরাত।
নেপাল জিতেছে 'আইসিসি ডিজিটাল ফ্যান এনগেজমেন্ট ইনিশিয়েটিভ অব দা ইয়ার' পুরস্কার। মাঠ ভর্তি গ্যালারির কারণে ক্রিকেট উন্মাদনায় নেপাল আলাদভাবে নজর কেড়েছে।
'ক্রিকেট ফর গুড সোশাল ইম্প্যাক্ট ইনিশিয়েটিভ' পুরস্কার পেয়েছে স্কটল্যান্ড। 'বিয়ন্ড বাউন্ডারিস' নামের একটি সংস্থার সঙ্গে স্কটল্যান্ড ক্রিকেট কাজ করছে। যারা তরুণ, সুবিধাবঞ্চিত ও অবহেলিত মানুষদের নিয়ে কাজ করে। এছাড়া বিনামূল্যে কমিনিউটি সেশন পরিচালনা করেও আসছে ।

# চ্যাম্পিয়নস ট্রফি: টেবিলে হবে ভারত–পাকিস্তান লড়াই



**আপনজন ডেস্ক:** আগামী বছরের ফেব্রুয়ারি-মার্চে চ্যাম্পিয়নস ট্রফি অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে পাকিস্তানে। এই টুর্নামেন্ট শুরুর আগে দুই দেশের মধ্যে লড়াই শুরু হয়ে গেছে। মাঠের লড়াই নয়, তাদের এখন লড়াই হচ্ছে টেবিলে। ভারত পাকিস্তানে খেলতে যাবে না–এমন সংবাদ জানিয়েছে ভারতের কয়েকটি সংবাদমাধ্যম। চ্যাম্পিয়নস ট্রফির মূল কর্তৃপক্ষ আইসিসির কাছে এমন অনুরোধই করবে ভারতের ক্রিকেট বোর্ড বিসিসিআই।
কলম্বোতে আইসিসির সভা অনুষ্ঠিত হবে ১৯-২২ জুলাই। ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, সেই সভায় অংশ নিতে আজ কলম্বোয় যাচ্ছেন বিসিসিআই সেক্রেটারি জয় শাহ। ভারত-পাকিস্তান ইস্যু বার্ষিক সাধারণ সভার কোনো আলোচ্য বিষয় নয়।
তবে বিষয়টি দুই দেশের বোর্ডই আলোচনায় তুলবে বলবে জানিয়েছে টাইমস অব ইন্ডিয়া। পাকিস্তানের সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, যেহেতু চ্যাম্পিয়নস ট্রফির মূল আয়োজক পাকিস্তান, তাই পুরো টুর্নামেন্ট নিজেদের মাটিতেই আয়োজন করতে চায় পাকিস্তান। এখন দেখার বিষয়, এই সভা থেকে কোনো সিদ্ধান্ত আসে কি না।
গত বছর ওয়ানডে সংস্করণে অনুষ্ঠিত এশিয়া কাপের আগেও একই আলোচনা হয়েছিল। শেষ পর্যন্ত টুর্নামেন্টটি হয়েছে হাইব্রিড মডেলে, যেখানে পাকিস্তান আয়োজক দেশ হলেও ফাইনালসহ ভারতের ম্যাচগুলো হয়েছে শ্রীলঙ্কায়।
এবারও আলোচনায় আছে হাইব্রিড মডেল, সম্ভাব্য বিকল্প ভেন্যু হিসেবে শ্রীলঙ্কা ও সংযুক্ত আরব আমিরাতকে বিবেচনা করা হচ্ছে। পাকিস্তান অবশ্য নিজেদের ঘরের মাঠে পুরো টুর্নামেন্ট হবে ধরেই খসড়া সূচি করেছে। সেই সূচি অনুযায়ী, ভারতের সব কটি খেলা হবে লাহোরে। নিরাপত্তার ঝুঁকি এড়াতেই ভারতের সব কটি ম্যাচ এক ভেন্যুতে রাখতে চাইছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। তবে তাতেও সন্তুষ্ট নয় ভারত। সরকারের অনুমতি না থাকার কারণে ২০০৮ সালের পর ভারতের ক্রিকেট দল পাকিস্তান সফর করেনি। এ সময় পাকিস্তানও আইসিসির কোনো টুর্নামেন্ট আয়োজন করেনি। এক দশক ধরে পাকিস্তানের সঙ্গে কোনো দ্বিপক্ষীয় সিরিজেও খেলেনি ভারত। এ সময় দুই দল মুখোমুখি হয়েছে শুধু আইসিসি ও এসিসির টুর্নামেন্টে। এবারও সবকিছু নির্ভর করছে ভারত সরকারের অনুমোদনের ওপর। ভারত সরকার যদি শেষ পর্যন্ত পাকিস্তানে যাওয়ার অনুমোদন না দেয়, আর সূচি অনুযায়ী চ্যাম্পিয়নস ট্রফির ম্যাচ পাকিস্তানে বহাল থাকলে রোহিত শর্মাদের টুর্নামেন্ট থেকে নাম সরিয়ে নেওয়া ছাড়া উপায় নেই।

# টেন্ডুলকার-ধোনির কাতারে রোহিত-কোহলি: কপিল দেব



**আপনজন ডেস্ক:** রোহিত শর্মা ও বিরাট কোহলি–দুজনই এই প্রজন্মের অন্যতম সেরা দুই ক্রিকেটার। কোহলি হয়তো রোহিতের চেয়ে আরও এক ধাপ এগিয়ে থাকবেন। কারণ, আন্তর্জাতিক ক্রিকেটের দ্বিতীয় সর্বোচ্চ ৮০ সেঞ্চুরির মালিক তিনি। সম্প্রতি দুজনেই জিতেছেন টি-টোয়েন্টি বিশ্বকাপ। পুরো ভারত এখন তাঁদের প্রশংসায় পঞ্চমুখ।
ভারতকে প্রথম বিশ্বকাপ জেতানো অধিনায়ক কপিল দেব কোহলি ও রোহিতকে শচীন টেন্ডুলকার ও মহেন্দ্র সিং ধোনির সঙ্গে একই সারিতে রাখছেন। কপিলের মতে, ভারতীয় ক্রিকেটে এই দুজনেই কোনো বিকল্প নেই।
ভারতীয় বার্তা সংস্থা আইএএনএসকে কপিল দেব বলেছেন, 'কোনো সংস্করণেই ভারতীয় দলে বিরাট ও রোহিতের জায়গা কেউ নিতে পারবে না। তারা ভারতীয় ক্রিকেটের বড় সেবক এবং এটা (টি-টোয়েন্টি বিশ্বকাপ জেতা) তাদের জন্য একটি দারুণ বিদায় ছিল। বিরাট সব সংস্করণে নিজেকে যে উচ্চতায় তুলেছে, টি-টোয়েন্টিতে ভারত নিশ্চয়ই তার অভাব অনুভব করবে। দুজনেই শচীন টেন্ডুলকার ও মহেন্দ্র সিং ধোনির মতো। তাদের বিকল্প নেই।'
টি-টোয়েন্টি বিশ্বকাপ জয়ের পথে ফাইনালে ৭৬ রানের ইনিংস খেলেছেন কোহলি। অধিনায়ক রোহিতও দারুণ পারফর্ম করেছেন। টুর্নামেন্ট শেষ করে দ্বিতীয় সর্বোচ্চ রানসংগ্রাহক (২৫৭) হিসেবে। তিন সংস্করণেই রোহিত-কোহলির পারফরম্যান্স চোখে পড়ার মতো। ভারতের হয়ে টেস্টে রোহিতের রান ৪৫.৪৬ গড়ে ৪১৩৭; সেঞ্চুরি ১২টি, ফিফটি ১৭টি। রোহিত ওয়ানডে খেলেছেন ২৬২টি, ৪৯.১২ গড়ে রান ১০৭০৯। নামের পাশে ৩১ সেঞ্চুরি ও ৫৫টি ফিফটি। ওয়ানডেতে একমাত্র ক্রিকেটার হিসেবে আছে তিনটি ডাবল সেঞ্চুরি। ভারতের হয়ে দুটি টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছেন রোহিত। এই সংস্করণে ১৫৯ খেলেছেন তিনি। ৪২৩১ রানও এখন পর্যন্ত আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সর্বোচ্চ। পাঁচ সেঞ্চুরির সঙ্গে করেছেন ৩২ ফিফটি।
অন্যদিকে কোহলি ১১৩ টেস্ট খেলে ৪৯.১৫ গড়ে রান করেছেন ৮৮৪৮। ২৯ সেঞ্চুরির সঙ্গে আছে ৩০টি ফিফপি। ২৯২ ওয়ানডেতে ৫৮.৬৭ গড়ে তাঁর রান ১৩৮৪৮; সেঞ্চুরি ৫০টি, ফিফটি ৭২টি। আর টি-টোয়েন্টিতে রোহিতের পরই দ্বিতীয় সর্বোচ্চ রান কোহলির। ১২৫ ম্যাচে ৪১৮৮ রান করেছেন ৪৮.৬৯ গড়ে, সেঞ্চুরি একটি ও ফিফটি ৩৮টি। তিন সংস্করণেই কমপক্ষে ৪৫ গড়ে রান করা একমাত্র খেলোয়াড়ও কোহলি।
বিশ্বকাপ জেতার পর রোহিত–কোহলি দুজনেই আন্তর্জাতিক টি-টোয়েন্টি থেকে বিদায়ের ঘোষণা দিয়েছেন। টেস্টে ও ওয়ানডেতে রোহিতই ভারতকে নেতৃত্ব দেবেন।

# প্রত্যাশামতো বিক্রি হচ্ছে না অলিম্পিক ফুটবলের টিকিট



**আপনজন ডেস্ক:** প্যারিস অলিম্পিকের আয়োজকেরা গতকাল বুধবার জানিয়েছে, অলিম্পিকে এখনো ১২ লাখ টিকিট বিক্রি বাকি আছে। যেসব ইভেন্টের টিকিট বিক্রি বাকি, এর বেশির ভাগই ফুটবলের। ফুটবলের মতো দলীয় খেলার জন্য বড় ভেন্যু বাছাই করেছে আয়োজকেরা। তবে এখন টিকিট বিক্রি করতে হিমশিম খেতে হচ্ছে তাদের। এ ছাড়া বাস্কেটবল ও হ্যান্ডবলের টিকিটও বিক্রি বাকি আছে। অন্যদিকে সাঁতার ও অ্যাথলেটিকসের জন্য বৃহস্পতিবারের চাহিদার কথা মাথায় রেখে নতুন টিকিট ছাড়তে হচ্ছে আয়োজকদের। আয়োজক কমিটির সহকারী পরিচালক মিখায়েল আলোসিও প্রতিবেদকদের বলেছেন, 'বৃহস্পতিবার ৩০টিরও বেশি খেলায় ৫০ হাজারের বেশি টিকিট ছাড়া হবে।'
এবারের অলিম্পিক এরই মধ্যে টিকিট বিক্রির নতুন রেকর্ড গড়েছে। ১৯৯৬ সালে আটলান্টা গেমসে ৮৩ লাখ টিকিট বিক্রি হয়, যা ছাড়িয়ে এবার টিকিট বিক্রি হয়েছে ৮৭ লাখ।

# ভিনিসিয়ুস ও রুডিগারকে বর্ণবাদী আক্রমণ করে ৮ মাসের কারাদণ্ডের সাজা

**আপনজন ডেস্ক:** রিয়াল মাদ্রিদের দুই খেলোয়াড় ভিনিসিয়ুস জুনিয়র ও অ্যান্টোনিও রুডিগারকে লক্ষ্য করে ইন্টারনেটে বর্ণবাদী আক্রমণের দায়ে এক ব্যক্তিকে দোষী সাব্যস্ত করে আট মাসের কারাদণ্ড দিয়েছে স্পেনের আদালত।
রিয়াল মাদ্রিদ এক বিবৃতিতে জানায়, স্পেনের ক্রীড়া পত্রিকা মার্কা'র ডিজিটাল সংস্করণের ফোরামে বিভিন্ন ছদ্মনামে ভিনিসিয়ুস ও রুডিগারকে বর্ণবাদী আক্রমণ করেন এক ব্যক্তি। পাশাপাশি রুডিগারের ধর্ম নিয়েও কটূক্তি করেন ওই ব্যক্তি। কারাদণ্ডের পাশাপাশি ওই ব্যক্তিকে ২০ মাসের জন্য মার্কার ফোরামে অংশগ্রহণ না করার আদেশ দিয়েছে আদালত।
বৈষম্যহীন কর্মসূচিতে অংশগ্রহণের শর্তে তার কারাদণ্ডের সাজা স্থগিত করা হয়েছে। যদিও স্পেনে সহিংস অপরাধ না করলে দুই বছরের নিচে সাজার ক্ষেত্রে সচরাচর কারাবাস করতে হয় না।
২০১৮ সালে রিয়ালে যোগ দেওয়ার পর থেকে অসংখ্যবার প্রতিপক্ষের সমর্থকদের বর্ণবাদী আচরণের শিকার হয়েছেন ব্রাজিলিয়ান তারকা ভিনিসিয়ুস জুনিয়র।









মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। **সম্পাদক: জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**